Department of Media Studies & Journalism

Internship Project

Submitted by:

Name: Bishwojit Das Bijoy

Id: 201012046

Term: Summer 2023

Course Code: MSJ 11498

Host Organization: Somoy Media Ltd.

Table of Content	Page
Student's Details	03
Internship Details	04
Acknowledgment	05
Plagiarism Declaration From	06
Internship Report Approval Form	07
Introduction	08
Expectation and Objectives	09
Host Organization	10
Organogram	11
Task	12
Project Details	13
Projects	14-110
Internship Outcome	111
Workplace Log	112-115
Self-Assessment Form	116-117
Professional Competencies	118
Appendix	119-150
Workplace Photograph	151-152

Student Details

Name	Bishwojit Das Bijoy
Student ID	201012046
Department	Media Studies and Journalism Department (MSJ)
Major Concentration	Digital Journalism
Minor Concentration	Business Administration
Career Goal	To work at a renowned or international news organization
Website Address	bishwojitdasbijoy.com

Internship Details

Host Organization	Somoy Media Ltd.
Address	Nasir Trade Center, 89, Bir C.R Datta Road., Dhaka, Bangladesh
Web	www.somoynews.tv/
Host Organization Supervisor	Mohiuddin Maroof
Designation	Trainee Sub-Editor
Internship Area	Reporting
Internship Start Date	01-06-2023
Internship End Date	15-08-2023
Average Working Hour	08 Hours
Weekly Working Hour	48 Hours
How many Weeks	10 Weeks

Acknowledgment

I express my gratitude to the great creator and all the people who contributed from the beginning of my university life till writing this report. Because their support and advice helped me reach this success.

I am thankful to the Head of the Media Studies and Journalism Department of ULAB Dr. Jude William Genilo for providing help and advice for completing my long 4 years of education. Then I express my gratitude and thanks to my internship advisor Nandita Tabassum ma'am. She was the first teacher of my university life. whose advice has helped me at every stage of my academic career.

In addition, I express my gratitude to Mahmudun Nabi, Bikash Chandra Bhowmik, Dr. Sarkar Barbaq Quarmal, and Dr. Abdul Kabil Khan sir. With their advice and support, I was able to reach the end of my university life properly.

I would especially like to thank Somoy Media Limited. Because before the end of my university life, They considered me worthy to be chosen as a member of the Somoy TV family.

I express my gratitude and thanks to Somoy Web's editor Mahfuzur Rahman, business desk in-charge Mohiuddin Maruf, shift in-charge Nazim ud Daulla Saadi, Zulfikar Johnny Bhai, and my deskmate Yanur Sifat Apu. Without their support, this long 7 months of my working life would not have been essier. They made my tasks easy by advising on every aspect.

I would like to thank my parents and my family. Without their help, I could never have achieved this success.

MSJ041

PLAGIARISM DECLARATION

1. I know that plagiarism means taking and using the ideas, writings, works or inventions of another as if they were one's own. I know that plagiarism not only includes verbatim copying, but also the extensive use of another person's ideas without proper acknowledgement (which includes the proper use of quotation marks). I know that plagiarism covers this sort of use of material found in textual sources and from the Internet.

2. I acknowledge and understand that plagiarism is wrong.

3. I understand that my research must be accurately referenced.

4. This assignment is my own work, or my group's own unique group assignment. I acknowledge that copying someone else's assignment, or part of it, is wrong, and that submitting identical work to others constitutes a form of plagiarism.

5. I have not allowed, nor will I in the future allow, anyone to copy my work with the intention of passing it off as their own work.

Name: Bishwojit Das Bijoy

ULAB ID: 201012046

Signature: Bishwojit

MSJ042

INTERNSHIP REPORT APPROVAL FORM

Student Name: Bishwojit Das Bijoy | ID No: 201012046

Major: Digital Journalism | Year: 2023

Local Phone: 01938935671 | Email: bishwojit.das.msj@edu.bd

INTERNSHIP/PROJECT INFORMATION

Internship

Organization/Project: Somoy Media Ltd.

Internship /Project Report

Topic:____

Semester (Tick one): □ Spring 2023 □ Summer 2023✓ □ Fall 2023

Advisor APPROVAL

(Please place a Tick)

□ Approved □ Not Approved □ Partial Re-write □ Full Re-write

Remarks (If Not Approved/Pretrial/Full Rewrite):

____

Signature: ______________________________ Date: _________________

Name: Nandita Tabassum Khan Title: Senior Lecturer

E-mail: Nandita.tabassum@ulab.edu.bd Phone: 01918108619

Introduction

As a student of the Media Studies and Journalism program at the University of Liberal Arts Bangladesh (ULAB), I must complete an internship to complete my bachelor's degree, where a student has to work in a media house in the last semester of graduation. By doing this, the tasks of professional life can be learned hands-on. In this report, I have presented the experience of working at Somoy Media Limited as a part of the internship.

I have been working as a sub-editor in Somoy Media Limited since January 2023. Apart from the work of sub-editor, I also had to do reporting for office needs. Through this, I got the opportunity to work at both field and desk level, which will make my next career path more smooth.

In this report I will mainly highlight the experiences of working in the field.

Expectation and Objectives

As a media studies and journalism student I always wanted to pursue my career as a sub-editor. After that, I also had some inclination towards reporting. My first choice to work in media was Somoy Television. So before completing my graduation I applied for a job in Somoy Media Limited and by the grace of almighty God I got an opportunity to work at Somoy Television from January 2023. Currently, I am completing my internship along with a full-time job here.

Somoy Media Limited allowed me to do reporting along with sub-editing work. I am thankful to my organization for that.

I had several expectations when starting work here:

- Knowing the rules and regulations of the media house
- To maintain deadlines
- To develop news sense
- To improve my writing and editing skills
- To learn professional ethics
- To improve my reporting skills

Host Organization

Somoy Media Limited is a private television channel. Which broadcasts news 24 hours a day. Its head office is located at Nasir Trade Centre, 89 Bir Uttam CR Dutta Road, Banglamotor, Dhaka.

Somoy Media Limited received the broadcasting license in October 2008. Test broadcasts began on 10 October 2010 and commercial broadcasts began on 17 April 2011. The slogan of Time Television is 'Time for Time Needed'.

Journalist Niaz Morshed Qadri, Tushar Abdullah, Ahmed Zobair, State Minister for Law Kamrul Islam and filmmaker Morshedul Islam started the journey of Somoy Television. Later, Citigroup bought 50 percent of the company.

Currently, Somoy Television has become a trusted and reliable channel for the people of the country to get 24-hour news.

The first television network in Bangladesh to reach 20 million YouTube subscribers was Somoy Television. There are currently more than 20 million subscribers to Somoy Television.

Organization Profile

First Telecast Date: April 17, 2011.

Head of News: Mr. Mujtaba Danish

Organogram (Somoy Web)



Tasks

I joined Somoy Media Limited in January 2023 as a full-time sub-editor. Later along with the job I continued the internship in the same institution to complete my graduation.

First, as a sub-editor, I edited the news sent by district representatives and special representatives and published it on the website. Later I was given the opportunity of sub-editor as well as reporting. Since then I started covering news by traveling in the field as well as editing news And being a sub-editor, I got the opportunity to publish my news directly on the website.

I was assigned to do the following-

As a Sub-Editor:

- Collecting information, writing, editing and coordinating news,
- Quickly write and generate news on any breaking news;
- Analytical news of any event;
- Managing and collaborating desks;
- Meeting monthly news numbers and visitor targets.

As a Reporter:

- Collecting, writing and publishing market news every Friday
- Covering special events
- Maintaining contact with traders;
- Writing news, feature, and analytical reports;
- Analyzing various information or data related to the economy and markets;

Project Details

As a Reporter:

Number of News	**70**
Number of Published News	**70**
Number of Unpublished News	**0**

As a Sub-Editor:

Number of Edited Copies	**531**
Number of Published Copies	**528**
Number of Unpublished Copies	**03**

Project -1

Project Type: Human chain

Project Title: পুকুর রক্ষার মানববন্ধনে অনুমতি দেয়নি পুলিশ (Police Deny Permission for Human Chain Protecting Precious Pond)

Project Description:

The news is about a human chain organized to protect the DIT plot pond in Gandaria, Old Dhaka. The human chain was suspended as the police did not give permission. However organized, the accused, local people, police authorities, and organizers spoke about this.

My Responsibility:

My Editor directed me to cover the news. I covered the news by going to the spot. Since I am working as a sub-editor, I come back to my desk write the news and publish it on the website panel. Then the news editor makes the necessary corrections to the news and publishes it on the website.

Raw Copy:

পুকুর রক্ষার মানববন্ধনে অনুমতি দেয়নি থানা

পুরান ঢাকার গেন্ডারিয়ায় অবৈধভাবে পুকুর ভরাটের অভিযোগ উঠেছে প্রভাবশালী একটি মহলের বিরুদ্ধে। এতে প্রতিবাদ জানিয়েছে এলাকাবাসীসহ পরিবেশবাদী সংগঠনগুলো। তবে মানববন্ধনের কথা থাকলেও পুলিশের বাধায় পণ্ড হয়ে গেছে কর্মসূচি।

শুক্রবার (২ জুন) মানববন্ধন আয়োজনের কথা থাকলেও শ্যামপুর মডেল থানা পুলিশ অনুমতি না দেয়ায় মানবন্ধন স্থগিত করতে বাধ্য হন আয়োজকরা।

মানববন্ধনের আহবায়ক ইব্রাহিম আহম্মেদ রিপন বলেন, মানবন্ধনের জন্য সব কিছু আয়োজন করে শ্যামপুর থানায় চিঠি দেয়া হলেও থানা কর্তৃপক্ষ তা গ্রহণ করেনি। উল্টো থানা থেকে বলা হয়েছে অনুমতি নিয়ে এরপর মানববন্ধন আয়োজন করতে হবে।

অনুমতি না মেলার প্রসঙ্গে রিপন বলেন, মূলত সহিংসতার ঝুঁকি এড়াতে অনুমতি দেয়নি থানা কর্তৃপক্ষ। এলাকাবাসীর নিরাপত্তার স্বার্থে মানববন্ধন স্থগিত করা হয়েছে। তবে পরবর্তীতে এ মানববন্ধনের আয়োজন করা হবে।

আর পুকুর সম্পর্কে তিনি বলেন, এটি একটি ঐতিহ্যবাহী পুকুর। ঢাকায় কোথাও আগুন লাগলে এখান থেকে পানি নিয়ে আগুন নেভানো যাবে। এখান থেকে পানি নেয়া সম্ভব হলে ক্ষয়িক্ষতির পরিমাণ কমে যাবে। তবে এখন পুকুরের জায়গা দখল করে অবৈধ স্থাপনা নির্মাণ করে জলাশয় ধ্বংস করা হচ্ছে।

এ বিষয়ে জানতে চাইলে শ্যামপুর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) নজরুল ইসলাম বলেন, ঢাকা মহানগর এলাকার মধ্যে কোনো প্রোগ্রাম আয়োজন করতে হলে পুলিশ কমিশনারের কাছ থেকে অনুমতি নিতে হয়। আমার জানা মতে কোনো পক্ষই ঊর্ধ্বতন কর্তৃপক্ষের কাছে আবেদন করেনি। তবে এখানে আইনশৃঙ্খলা পরিস্থিতি নিয়ন্ত্রণে রাখতে পুলিশ কাজ করছে।

সরেজমিন দেখা গেছে, গেন্ডারিয়া পুকুরের চারপাশে মার্কেট, দোকান ও বেশ কয়েকটি রিকশার গ্যারেজ রয়েছে। রেস্টুরেন্ট থেকে শুরু করে নিত্য প্রয়োজনীয় জিনিসের দোকান সবই রয়েছে সেখানে।

স্থানীয়রা জানান, সাবেক কাউন্সিলর অবৈধভাবে পুকুর ভরাট করে স্থাপনা তৈরি করেছেন। পুকুর দখল নিশ্চিত করতে মার্কেটের একাংশে দোতলা ভবনে নিজের অস্থায়ী কার্যালয় স্থাপন করেছেন

স্থানীয় কাউন্সিলর সাহানা আক্তার। এতে ব্যবহারের অনুপযোগী হয়ে পড়ছে পুকুর। তাই পুকুরটি সংরক্ষণ করে সুপেয় পানি ও অগ্নিকাণ্ডে পানি সরবরাহ এবং অবৈধ অংশ উদ্ধার করে পুকুরটি রক্ষার দাবি জানান তারা।

নাম প্রকাশে অনিচ্ছুক এক বাসিন্দা জানান, আগে এলাকাবসী পুকুর ব্যবহার করতে পারলেও এখন তাদের পুকুরে যেতে দেয়া হয় না। পুকুরের আশেপাশে অবৈধ স্থাপনা গড়ে সেখান থেকে ভাড়া তোলেন ৪৭নং ওয়ার্ডের সাবেক কাউন্সিলর মো. সাইদুর রহমান সহিদ।

এ বিষয়ে পরিবেশবাদী সংগঠন নোঙর বাংলাদেশের প্রতিষ্ঠাতা সভাপতি সুমন শামস বলেন, কোনোভাবেই এ জায়গা ভরাট করতে দেয়া যাবে না। সম্প্রতি যেভাবে আগুন লাগছে তাতে পুকুরটি থাকলে অগ্নিনির্বাপণ করা সম্ভব। পুকুর রক্ষার জন্য যতক্ষণ পর্যন্ত এ আন্দোলন চলবে আমরা পুকুরের সঙ্গে থাকব, মানুষের সঙ্গে থাকব, এখানে কোনো আপস নেই।

তিনি আরও বলেন, ‘এখানে স্থানীয় কাউন্সিলর বা প্রশাসন যারা আছেন তারা হয়তো পুলিশের ওপর চাপ প্রয়োগ করেছেন। এটা অবশ্যই যৌক্তিক নয়। কারণ পরিবেশের পক্ষে যারা কাজ করে তাদের পাশে দাঁড়ানোর দায়িত্ব হলো পুলিশ প্রশাসনের।’

আর বাংলাদেশ পরিবেশ আন্দোলনের (বাপা) কেন্দ্রীয় নেতা ইবনুল সাঈদ রানা বলেন, ‘বর্তমানে শহর নগরে এ উত্তাপের পেছনে কারণ হলো ধমনীসদৃশ যে জলাধারগুলো আছে সেগুলো একে একে ধ্বংস করে ফেলছি। আমাদের জলাধার রক্ষার যে আইন রয়েছে আশা করি সবাই তার প্রতি শ্রদ্ধাশীল হবেন। প্রধানমন্ত্রীর একটি নির্দেশনা রয়েছে যে, কোনো জলাধার বা পুকুর ভরাট করা যাবে না। প্রশ্ন জাগছে প্রধানমন্ত্রীর এ অনুশাসনকে কারা চ্যালেঞ্জ করছে, তারা এ শক্তি কোথায় পায়? সেটা খুঁজে বের করতে হবে।’

প্রাকৃতিক জলাধার সংরক্ষণ আইনের প্রসঙ্গ টেনে তিনি বলেন, ‘প্রাকৃতিক জলাধার সংরক্ষণ আইন-২০০০ অনুযায়ী দেশের সব পৌর ও মহানগর এলাকার কোনো প্রাকৃতিক জলাধার ও মাঠের শ্রেণি পরিবর্তন, হস্তান্তর বা ভাড়ায় ব্যবহার দণ্ডনীয় অপরাধ। সেখানে এভাবে দখল করে নেয়া হচ্ছে। আইন অনুযায়ী এটা দণ্ডনীয় অপরাধ।’

এ বিষয়ে সংবাদমাধ্যমের সঙ্গে কথা বলেছেন শ্যামপুর ৪৭নং ওয়ার্ডের সাবেক কাউন্সিলর মো. সাইদুর রহমান সহিদ। পুকুর ভরাটের অভিযোগ অস্বীকার করে তিনি বলেন, কোনো পুকুর ভরাট করা হয়নি। উল্টো পুকুর পরিস্কার করে এখন মাছ চাষ করা হচ্ছে। পাশাপাশি পুকুরের উন্নয়নের জন্য কাজ চলছে।

Edited Copy:

পুকুর রক্ষার মানববন্ধনের অনুমতি দেয়নি পুলিশ

পুরান ঢাকার গেন্ডারিয়ায় অবৈধভাবে পুকুর ভরাটের অভিযোগ উঠেছে প্রভাবশালী একটি মহলের বিরুদ্ধে। এ ঘটনার প্রতিবাদে এলাকাবাসীসহ পরিবেশবাদী সংগঠনগুলোর মানববন্ধনের কথা থাকলেও পুলিশের বাধায় পণ্ড হয়ে গেছে কর্মসূচি।

শুক্রবার (২ জুন) মানববন্ধন আয়োজনের কথা থাকলেও শ্যামপুর মডেল থানা পুলিশ অনুমতি না দেয়ায় মানববন্ধন স্থগিত করতে বাধ্য হন আয়োজকরা।

মানববন্ধনের আহ্বায়ক ইব্রাহিম আহম্মেদ রিপন বলেন, মানববন্ধনের জন্য সব কিছু আয়োজন করে শ্যামপুর থানায় চিঠি দেয়া হলেও থানা কর্তৃপক্ষ তা গ্রহণ করেনি। উল্টো থানা থেকে বলা হয়েছে অনুমতি নিয়ে এরপর মানববন্ধন আয়োজন করতে হবে।

অনুমতি না মেলার প্রসঙ্গে রিপন বলেন, মূলত সহিংসতার ঝুঁকি এড়াতে অনুমতি দেয়নি থানা কর্তৃপক্ষ। এলাকাবাসীর নিরাপত্তার স্বার্থে মানববন্ধন স্থগিত করা হয়েছে। তবে পরবর্তীতে এ মানববন্ধনের আয়োজন করা হবে।

আর পুকুর সম্পর্কে তিনি বলেন, এটি একটি ঐতিহ্যবাহী পুকুর। ঢাকায় কোথাও আগুন লাগলে এখান থেকে পানি নিয়ে আগুন নেভানো যাবে। এখান থেকে পানি নেয়া সম্ভব হলে ক্ষয়ক্ষতির পরিমাণ কমে যাবে। তবে এখন পুকুরের জায়গা দখল করে অবৈধ স্থাপনা নির্মাণ করে জলাশয় ধ্বংস করা হচ্ছে।

এ বিষয়ে জানতে চাইলে শ্যামপুর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) নজরুল ইসলাম বলেন, ঢাকা মহানগর এলাকার মধ্যে কোনো প্রোগ্রাম আয়োজন করতে হলে পুলিশ কমিশনারের কাছ থেকে অনুমতি নিতে হয়। আমার জানা মতে কোনো পক্ষই ঊর্ধ্বতন কর্তৃপক্ষের কাছে আবেদন করেনি। তবে এখানে আইনশৃঙ্খলা পরিস্থিতি নিয়ন্ত্রণে রাখতে পুলিশ কাজ করছে।

সরেজমিন দেখা গেছে, গেন্ডারিয়া পুকুরের চারপাশে মার্কেট, দোকান ও বেশ কয়েকটি রিকশার গ্যারেজ রয়েছে। রেস্টুরেন্ট থেকে শুরু করে নিত্য প্রয়োজনীয় জিনিসের দোকান সবই রয়েছে সেখানে।

স্থানীয়রা জানান, সাবেক কাউন্সিলর অবৈধভাবে পুকুর ভরাট করে স্থাপনা তৈরি করেছেন। পুকুর দখল নিশ্চিত করতে মার্কেটের একাংশে দোতলা ভবনে নিজের অস্থায়ী কার্যালয় স্থাপন করেছেন স্থানীয় কাউন্সিলর সাহানা আক্তার। এতে ব্যবহারের অনুপযোগী হয়ে পড়ছে পুকুর। তাই পুকুরটি সংরক্ষণ করে সুপেয় পানি ও অগ্নিকাণ্ডে পানি সরবরাহ এবং অবৈধ অংশ উদ্ধার করে পুকুরটি রক্ষার দাবি জানান তারা।

নাম প্রকাশে অনিচ্ছুক এক বাসিন্দা জানান, আগে এলাকাবসী পুকুর ব্যবহার করতে পারলেও এখন তাদের পুকুরে যেতে দেয়া হয় না। পুকুরের আশেপাশে অবৈধ স্থাপনা গড়ে সেখান থেকে ভাড়া তোলেন ৪৭নং ওয়ার্ডের সাবেক কাউন্সিলর মো. সাইদুর রহমান সহিদ।

এ বিষয়ে পরিবেশবাদী সংগঠন নোঙর বাংলাদেশের প্রতিষ্ঠাতা সভাপতি সুমন শামস বলেন, কোনোভাবেই এ জায়গা ভরাট করতে দেয়া যাবে না। সম্প্রতি যেভাবে আগুন লাগছে তাতে পুকুরটি থাকলে অগ্নিনির্বাপণ করা সম্ভব। পুকুর রক্ষার জন্য যতক্ষণ পর্যন্ত এ আন্দোলন চলবে আমরা পুকুরের সঙ্গে থাকব, মানুষের সঙ্গে থাকব, এখানে কোনো আপস নেই।

তিনি আরও বলেন, ‘এখানে স্থানীয় কাউন্সিলর বা প্রশাসন যারা আছেন তারা হয়তো পুলিশের ওপর চাপ প্রয়োগ করেছেন। এটা অবশ্যই যৌক্তিক নয়। কারণ পরিবেশের পক্ষে যারা কাজ করে তাদের পাশে দাঁড়ানোর দায়িত্ব হলো পুলিশ প্রশাসনের।’

আর বাংলাদেশ পরিবেশ আন্দোলনের (বাপা) কেন্দ্রীয় নেতা ইবনুল সাঈদ রানা বলেন, ‘বর্তমানে শহর নগরে এ উত্তাপের পেছনে কারণ হলো ধমনীসদৃশ যে জলাধারগুলো আছে সেগুলো একে একে ধ্বংস করে ফেলছি। আমাদের জলাধার রক্ষার যে আইন রয়েছে আশা করি সবাই তার প্রতি শ্রদ্ধাশীল হবেন। প্রধানমন্ত্রীর একটি নির্দেশনা রয়েছে যে, কোনো জলাধার বা পুকুর ভরাট করা যাবে না। প্রশ্ন জাগছে প্রধানমন্ত্রীর এ অনুশাসনকে কারা চ্যালেঞ্জ করছে, তারা এ শক্তি কোথায় পায়? সেটা খুঁজে বের করতে হবে।’

প্রাকৃতিক জলাধার সংরক্ষণ আইনের প্রসঙ্গ টেনে তিনি বলেন, ‘প্রাকৃতিক জলাধার সংরক্ষণ আইন-২০০০ অনুযায়ী দেশের সব পৌর ও মহানগর এলাকার কোনো প্রাকৃতিক জলাধার ও মাঠের শ্রেণি পরিবর্তন, হস্তান্তর বা ভাড়ায় ব্যবহার দণ্ডনীয় অপরাধ। সেখানে এভাবে দখল করে নেয়া হচ্ছে। আইন অনুযায়ী এটা দণ্ডনীয় অপরাধ।’

এ বিষয়ে সংবাদমাধ্যমের সঙ্গে কথা বলেছেন শ্যামপুর ৪৭নং ওয়ার্ডের সাবেক কাউন্সিলর মো. সাইদুর রহমান সহিদ। পুকুর ভরাটের অভিযোগ অস্বীকার করে তিনি বলেন, কোনো পুকুর ভরাট করা হয়নি। উল্টো পুকুর পরিস্কার করে এখন মাছ চাষ করা হচ্ছে। পাশাপাশি পুকুরের উন্নয়নের জন্য কাজ চলছে।

Published Copy:

News Link: https://www.somoynews.tv/news/2023-06-02/tEV3P5SA

নিউজ খুঁজুন

সর্বশেষ সময় | সিটি নির্বাচন | কোরবানির হাট | ফুটবল | ক্রিকেট | ভিডিও সময়

বাংলাদেশ | রাজনীতি | আন্তর্জাতিক | খেলা | বিনোদন

বাংলাদেশ

১৫ টা ৪২ মিনিট, ২ জুন ২০২৩

পুকুর রক্ষার মানববন্ধনের অনুমতি দেয়নি পুলিশ

পুরান ঢাকার গেন্ডারিয়ায় অবৈধভাবে পুকুর ভরাটের অভিযোগ উঠেছে প্রভাবশালী একটি মহলের বিরুদ্ধে। এ ঘটনার প্রতিবাদে এলাকাবাসীসহ পরিবেশবাদী সংগঠনগুলোর মানববন্ধনের কথা থাকলেও পুলিশের বাধায় পন্ড হয়ে গেছে কর্মসূচি।

পুকুর ভরাট করতে ফেলা হচ্ছে ইট পাথর। ভরাট সহজ করতে ব্যবহার করা হচ্ছে গাছের গুড়ি। ছবি: বিশ্বজিৎ দাস বিজয়

বিশ্বজিৎ দাস বিজয়

৩ মিনিটে পড়ুন

Police Deny Permission for Human Chain Protecting Precious Pond. Picture 1.1



নিউজ খুঁজুন

সর্বশেষ সময় | সিটি নির্বাচন | কোরবানির হাট | ফুটবল | ক্রিকেট | ভিডিও সময়

বাংলাদেশ | রাজনীতি | আন্তর্জাতিক | খেলা | বিনোদন | স্বাস্থ্য

শুক্রবার (২ জুন) মানববন্ধন আয়োজনের কথা থাকলেও শ্যামপুর মডেল থানা পুলিশ অনুমতি না দেয়ায় মানববন্ধন স্থগিত করতে বাধ্য হন আয়োজকরা।

মানববন্ধনের আহ্বায়ক ইব্রাহিম আহম্মেদ রিপন বলেন, মানববন্ধনের জন্য সব কিছু আয়োজন করে শ্যামপুর থানায় চিঠি দেয়া হলেও থানা কর্তৃপক্ষ তা গ্রহণ করেনি। উল্টো থানা থেকে বলা হয়েছে অনুমতি নিয়ে এরপর মানববন্ধন আয়োজন করতে হবে।

Ads by Google
Stop seeing this ad
Why this ad?

আরও পড়ুন: ঢাকার বায়ুমানে নেই সুখবর

অনুমতি না মেলার প্রসঙ্গে রিপন বলেন, মূলত সহিংসতার ঝুঁকি এড়াতে অনুমতি দেয়নি থানা কর্তৃপক্ষ। এলাকাবাসীর নিরাপত্তার স্বার্থে মানববন্ধন স্থগিত করা হয়েছে। তবে পরবর্তীতে এ মানববন্ধনের আয়োজন করা হবে।

আর পুকুর সম্পর্কে তিনি বলেন, এটি একটি ঐতিহ্যবাহী পুকুর। ঢাকায় কোথাও আগুন লাগলে এখান থেকে পানি নিয়ে আগুন নেভানো যাবে। এখান থেকে পানি নেয়া সম্ভব হলে ক্ষয়ক্ষতির পরিমাণ কমে যাবে। তবে এখন পুকুরের জায়গা দখল করে অবৈধ স্থাপনা নির্মাণ করে জলাশয় ধ্বংস করা হচ্ছে।

এ বিষয়ে জানতে চাইলে শ্যামপুর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) নজরুল ইসলাম বলেন, ঢাকা মহানগর এলাকার মধ্যে কোনো প্রোগ্রাম আয়োজন করতে হলে পুলিশ কমিশনারের কাছ থেকে অনুমতি নিতে হয়। আমার জানা মতে কোনো পক্ষই উর্ধ্বতন কর্তৃপক্ষের কাছে আবেদন করেনি। তবে এখানে আইনশৃঙ্খলা পরিস্থিতি নিয়ন্ত্রণে রাখতে পুলিশ কাজ করছে।

সরেজমিন দেখা গেছে, গেন্ডারিয়া পুকুরের চারপাশে মার্কেট, দোকান ও বেশ কয়েকটি রিকশার গ্যারেজ রয়েছে। রেস্টুরেন্ট থেকে শুরু করে নিত্য প্রয়োজনীয় জিনিসের দোকান সবই রয়েছে সেখানে।

Police Deny Permission for Human Chain Protecting Precious Pond. Picture 1.2

সময়

নিউজ খুঁজুন

সর্বশেষ সময় | সিটি নির্বাচন | কোরবানির হাট | ফুটবল | ক্রিকেট | ভিডিও সময়

বাংলাদেশ | রাজনীতি | আন্তর্জাতিক | খেলা | বিনোদন

স্থানীয়রা জানান, সাবেক কাউন্সিলর অবৈধভাবে পুকুর ভরাট করে স্থাপনা তৈরি করেছেন। পুকুর দখল নিশ্চিত করতে মার্কেটের একাংশে দোতলা ভবনে নিজের অস্থায়ী কার্যালয় স্থাপন করেছেন স্থানীয় কাউন্সিলর সাহানা আক্তার। এতে ব্যবহারের অনুপযোগী হয়ে পড়ছে পুকুর। তাই পুকুরটি সংরক্ষণ করে সুপেয় পানি ও অগ্নিকাণ্ডে পানি সরবরাহ এবং অবৈধ অংশ উদ্ধার করে পুকুরটি রক্ষার দাবি জানান তারা।

আরও পড়ুন: ২০তলা ভবনে আগুন: একজনের মরদেহ উদ্ধার

নাম প্রকাশে অনিচ্ছুক এক বাসিন্দা জানান, আগে এলাকাবসী পুকুর ব্যবহার করতে পারলেও এখন তাদের পুকুরে যেতে দেয়া হয় না। পুকুরের আশেপাশে অবৈধ স্থাপনা গড়ে সেখান থেকে ভাড়া তোলেন ৪৭নং ওয়ার্ডের সাবেক কাউন্সিলর মো. সাইদুর রহমান সহিদ।

এ বিষয়ে পরিবেশবাদী সংগঠন নোঙর বাংলাদেশের প্রতিষ্ঠাতা সভাপতি সুমন শামস বলেন, কোনোভাবেই এ জায়গা ভরাট করতে দেয়া যাবে না। সম্প্রতি যেভাবে আগুন লাগছে তাতে পুকুরটি থাকলে অগ্নিনির্বাপণ করা সম্ভব। পুকুর রক্ষার জন্য যতক্ষণ পর্যন্ত এ আন্দোলন চলবে আমরা পুকুরের সঙ্গে থাকব, মানুষের সঙ্গে থাকব, এখানে কোনো আপস নেই।

তিনি আরও বলেন, 'এখানে স্থানীয় কাউন্সিলর বা প্রশাসন যারা আছেন তারা হয়তো পুলিশের ওপর চাপ প্রয়োগ করেছেন। এটা অবশ্যই যৌক্তিক নয়। কারণ পরিবেশের পক্ষে যারা কাজ করে তাদের পাশে দাঁড়ানোর দায়িত্ব হলো পুলিশ প্রশাসনের।'

আর বাংলাদেশ পরিবেশ আন্দোলনের (বাপা) কেন্দ্রীয় নেতা ইবনুল সাঈদ রানা বলেন, 'বর্তমানে শহর নগরে এ উত্তাপের পেছনে কারণ হলো ধমনীসদৃশ যে জলাধারগুলো আছে সেগুলো একে একে ধ্বংস করে ফেলছি। আমাদের জলাধার রক্ষার যে আইন রয়েছে আশা করি সবাই তার প্রতি শ্রদ্ধাশীল হবেন। প্রধানমন্ত্রীর একটি নির্দেশনা রয়েছে যে, কোনো জলাধার বা পুকুর ভরাট করা যাবে না। প্রশ্ন জাগছে প্রধানমন্ত্রীর এ অনুশাসনকে কারা চ্যালেঞ্জ করছে, তারা এ শক্তি কোথায় পায়? সেটা খুঁজে বের করতে হবে।'

প্রাকৃতিক জলাধার সংরক্ষণ আইনের প্রসঙ্গ টেনে তিনি বলেন, 'প্রাকৃতিক জলাধার সংরক্ষণ আইন-২০০০ অনুযায়ী দেশের সব পৌর ও মহানগর এলাকার কোনো প্রাকৃতিক জলাধার ও মাঠের শ্রেণি পরিবর্তন, হস্তান্তর বা ভাড়ায় ব্যবহার দন্ডনীয় অপরাধ। সেখানে এভাবে দখল করে নেয়া হচ্ছে। আইন অনুযায়ী এটা দন্ডনীয় অপরাধ।'

আরও পড়ুন: খুঁটিতে ঝুলছিল বিদ্যুৎকর্মীর মরদেহ

এ বিষয়ে সংবাদমাধ্যমের সঙ্গে কথা বলেছেন শ্যামপুর ৪৭নং ওয়ার্ডের সাবেক কাউন্সিলর মো. সাইদুর রহমান সহিদ।
পুকুর ভরাটের অভিযোগ অস্বীকার করে তিনি বলেন, কোনো পুকুর ভরাট করা হয়নি। উল্টো পুকুর পরিস্কার করে এখন মাছ চাষ করা হচ্ছে। পাশাপাশি পুকুরের উন্নয়নের জন্য কাজ চলছে।

বিজ্ঞাপন

Police Deny Permission for Human Chain Protecting Precious Pond. Picture 1.3

My Mistakes:

Before Editing	After Editing
শিরোনাম: পুকুর রক্ষার মানববন্ধনে অনুমতি দেয়নি থানা	শিরোনাম: পুকুর রক্ষার মানববন্ধনের অনুমতি দেয়নি পুলিশ
এতে প্রতিবাদ জানিয়েছে এলাকাবাসীসহ পরিবেশবাদী সংগঠনগুলো। তবে মানববন্ধনের কথা থাকলেও পুলিশের বাধায় পণ্ড হয়ে গেছে কর্মসূচি।	এ ঘটনার প্রতিবাদে এলাকাবাসীসহ পরিবেশবাদী সংগঠনগুলোর মানববন্ধনের কথা থাকলেও পুলিশের বাধায় পণ্ড হয়ে গেছে কর্মসূচি।

My Learnings:

- Need to write short and simple sentences.
- Spelling skills are developed.
- Learned to use appropriate words.

Project -2

Project Type: Finance Minister

Project Title: মূল্যস্ফীতি ৬ শতাংশে রাখা সম্ভব: অর্থমন্ত্রী (Price Inflation Could Be Maintained at 6 Percent, Says Finance Minister)

Project Description:

The news was covered in the post-budget press conference. It was held at Bangabandhu International Conference Center in the capital. The Finance Minister, Agriculture Minister, Commerce Minister, Planning Minister, NBR Chairman, Bangladesh Bank Governor, and many others were present in it.

My Responsibility:

My Editor directed me to cover the news. I covered the news by going to the spot. Since I am working as a sub-editor, I come back to my desk and write the news and publish it on the website panel. Then the news editor makes the necessary corrections to the news and publishes it on the website.

Raw Copy:

৬ শতাংশে মূল্যস্ফীতি রাখা সম্ভব: অর্থমন্ত্রী

দেশের মূল্যস্ফীতি ৬ শতাংশের মধ্যে রাখা সম্ভব বলে মন্তব্য করেছেন অর্থমন্ত্রী আ হ ম মুস্তফা কামাল।

শুক্রবার (২ জুন) রাজধানীর বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলন কেন্দ্রে বাজেটোত্তর সংবাদ সম্মেলনে এ কথা জানান অর্থমন্ত্রী।

তিনি বলেন, 'যখন আমরা ক্ষমতায় আসি, তখন মূল্যস্ফীতি ছিল ১২ শতাংশ। এরপর সেটি ৬ শতাংশে নামিয়ে আনা হয়। করোনা অতিমারি ও রাশিয়া-ইউক্রেন যুদ্ধের প্রভাবে সারাবিশ্বে মূল্যস্ফীতি অনেক বেড়েছে। কিন্তু সম্প্রতি বিশ্ববাজারে পণ্যের দাম কমতে শুরু করায় সেটি ৬ শতাংশে রাখা সম্ভব হবে।'

মূল্যস্ফীতি নিয়ে সরকারও শঙ্কিত উল্লেখ করে অর্থমন্ত্রী বলেন, 'সারাবিশ্বই এখন মূল্যস্ফীতিতে ভুগছে। আমরা খাবার তো বন্ধ করতে পারবো না। মানুষকে খাবার না দিয়ে রাখা যাবে না। তাই মূল্যস্ফীতি নিয়ন্ত্রণের চেষ্টা করছি।'

তিনি বলেন, সামাজিক নিরাপত্তার মাধ্যমে প্রচুর খাদ্য সরবরাহ করা হচ্ছে। পাশাপাশি যেসব পণ্য নিত্যপ্রয়োজনীয়, সেখানে নিজেরা নিয়ন্ত্রণ করে সরকারকে সাহায্য করছি। এভাবে আমরা মূল্যস্ফীতি নিয়ন্ত্রণ করা হচ্ছে।

Edited Copy:

মূল্যস্ফীতি ৬ শতাংশে রাখা সম্ভব: অর্থমন্ত্রী

দেশের মূল্যস্ফীতির হার ৬ শতাংশের মধ্যে রাখা সম্ভব বলে জানিয়েছেন অর্থমন্ত্রী আ হ ম মুস্তফা কামাল।

শুক্রবার (২ জুন) রাজধানীর বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলন কেন্দ্রে বাজেটোত্তর সংবাদ সম্মেলনে এ কথা জানান অর্থমন্ত্রী।

তিনি বলেন, ‘যখন আমরা ক্ষমতায় আসি, তখন মূল্যস্ফীতি ছিল ১২ শতাংশ। এরপর সেটি ৬ শতাংশে নামিয়ে আনা হয়। করোনা অতিমারি ও রাশিয়া-ইউক্রেন যুদ্ধের প্রভাবে সারাবিশ্বে মূল্যস্ফীতি অনেক বেড়েছে। কিন্তু সম্প্রতি বিশ্ববাজারে পণ্যের দাম কমতে শুরু করায় সেটি ৬ শতাংশে রাখা সম্ভব হবে।’

মূল্যস্ফীতি নিয়ে সরকারও শঙ্কিত উল্লেখ করে অর্থমন্ত্রী বলেন, ‘সারাবিশ্বই এখন মূল্যস্ফীতিতে ভুগছে। আমরা খাবার তো বন্ধ করতে পারবো না। মানুষকে খাবার না দিয়ে রাখা যাবে না। তাই মূল্যস্ফীতি নিয়ন্ত্রণের চেষ্টা করছি।’

মূল্যস্ফীতি নিয়ন্ত্রণে সামাজিক নিরাপত্তা কর্মসূচির মাধ্যমে প্রচুর খাদ্য সরবরাহ করা হচ্ছে বলেও জানান তিনি।

এর আগে গতকাল বৃহস্পতিবার (১ জুন) জাতীয় সংসদের স্পিকার শিরীন শারমিন চৌধুরীর সভাপতিত্বে এবং প্রধানমন্ত্রী শেখ হাসিনার উপস্থিতিতে বাজেট পেশ করেন অর্থমন্ত্রী।

২০২৩-২৪ অর্থবছরের প্রস্তাবিত বাজেটের আকার ধরা হয় ৭ লাখ ৬১ হাজার ৭৮৫ কোটি টাকা। বিশাল এ বাজেটের মোট ঘাটতির পরিমাণ দাঁড়াবে ২ লাখ ৬১ হাজার ৭৮৫ কোটি টাকা।

Published Copy:

News Link: https://www.somoynews.tv/news/2023-06-02/5vJYTu2R

নিউজ খুঁজুন

সর্বশেষ সময় | ফুটবল | ক্রিকেট | ডেঙ্গু | ভিডিও সময়

বাংলাদেশ | রাজনীতি | আন্তর্জাতিক | খেলা | বিনোদন

বাণিজ্য

১৯ টা ১৩ মিনিট, ২ জুন ২০২৩

মূল্যস্ফীতি ৬ শতাংশে রাখা সম্ভব: অর্থমন্ত্রী

দেশের মূল্যস্ফীতির হার ৬ শতাংশের মধ্যে রাখা সম্ভব বলে জানিয়েছেন অর্থমন্ত্রী আ হ ম মুস্তফা কামাল।

বাজেটোত্তর সাংবাদিক সম্মেলনে অর্থমন্ত্রী আ হ ম মুস্তফা কামাল অন্যান্য মন্ত্রীরা। ছবি: বিশ্বজিৎ দাস বিজয়

বিশ্বজিৎ দাস বিজয়

১ মিনিটে পড়ুন

Price Inflation Could Be Maintained at 6 Percent, Says Finance Minister. Picture 2.1

নিউজ খুঁজুন

সর্বশেষ সময় | ফুটবল | ক্রিকেট | ডেঙ্গু | ভিডিও সময়

বাংলাদেশ | রাজনীতি | আন্তর্জাতিক | খেলা | বিনোদন | স্বাস্থ্য

শুক্রবার (২ জুন) রাজধানীর বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলন কেন্দ্রে বাজেটোত্তর সংবাদ সম্মেলনে এ কথা জানান অর্থমন্ত্রী।

বিজ্ঞাপন

তিনি বলেন, ‘যখন আমরা ক্ষমতায় আসি, তখন মূল্যস্ফীতি ছিল ১২ শতাংশ। এরপর সেটি ৬ শতাংশে নামিয়ে আনা হয়। করোনা অতিমারি ও রাশিয়া-ইউক্রেন যুদ্ধের প্রভাবে সারাবিশ্বে মূল্যস্ফীতি অনেক বেড়েছে। কিন্তু সম্প্রতি বিশ্ববাজারে পণ্যের দাম কমতে শুরু করায় সেটি ৬ শতাংশে রাখা সম্ভব হবে।’

মূল্যস্ফীতি নিয়ে সরকারও শঙ্কিত উল্লেখ করে অর্থমন্ত্রী বলেন, ‘সারাবিশ্বই এখন মূল্যস্ফীতিতে ভুগছে। আমরা খাবার তো বন্ধ করতে পারবো না। মানুষকে খাবার না দিয়ে রাখা যাবে না। তাই মূল্যস্ফীতি নিয়ন্ত্রণের চেষ্টা করছি।’

আরও পড়ুন: বর্তমান সরকারের আমলে একজনও না খেয়ে মারা যায়নি: কৃষিমন্ত্রী

মূল্যস্ফীতি নিয়ন্ত্রণে সামাজিক নিরাপত্তা কর্মসূচির মাধ্যমে প্রচুর খাদ্য সরবরাহ করা হচ্ছে বলেও জানান তিনি।

এর আগে গতকাল বৃহস্পতিবার (১ জুন) জাতীয় সংসদের স্পিকার শিরীন শারমিন চৌধুরীর সভাপতিত্বে এবং প্রধানমন্ত্রী শেখ হাসিনার উপস্থিতিতে বাজেট পেশ করেন অর্থমন্ত্রী।

২০২৩-২৪ অর্থবছরের প্রস্তাবিত বাজেটের আকার ধরা হয় ৭ লাখ ৬১ হাজার ৭৮৫ কোটি টাকা। বিশাল এ বাজেটের মোট ঘাটতির পরিমাণ দাঁড়াবে ২ লাখ ৬১ হাজার ৭৮৫ কোটি টাকা।

বাজেট | মূল্যস্ফীতি | সময় নিউজ | অর্থমন্ত্রী আ হ ম মুস্তফা কামাল | বাজেট ২০২৩-২৪

Price Inflation Could Be Maintained at 6 Percent, Says Finance Minister. Picture 2.2

My Mistakes:

Before Editing	After Editing
শিরোনাম: ৬ শতাংশে মূল্যস্ফীতি রাখা সম্ভব: অর্থমন্ত্রী	শিরোনাম: মূল্যস্ফীতি ৬ শতাংশে রাখা সম্ভব: অর্থমন্ত্রী
তিনি বলেন, সামাজিক নিরাপত্তার মাধ্যমে প্রচুর খাদ্য সরবরাহ করা হচ্ছে। পাশাপাশি যেসব পণ্য নিত্যপ্রয়োজনীয়, সেখানে নিজেরা নিয়ন্ত্রণ করে সরকারকে সাহায্য করছি। এভাবে আমরা মূল্যস্ফীতি নিয়ন্ত্রণ করা হচ্ছে।	মূল্যস্ফীতি নিয়ন্ত্রণে সামাজিক নিরাপত্তা কর্মসূচির মাধ্যমে প্রচুর খাদ্য সরবরাহ করা হচ্ছে বলেও জানান তিনি।

My Learnings:

- Need to write short and simple sentences.
- Need to add background.
- Improve Picture Quality

Project -3

Project Type: Bangladesh Reconditioned Vehicles Importers and Dealers Association (BARVIDA)

Project Title: বাজেটে কার্বন করের বিষয়টি যৌক্তিক নয়: বারভিডা সভাপতি (Carbon Tax in the Budget Isn't a Rational Move: Barvida President)

Project Description:

The post-budget press conference was organized by the Bangladesh Reconditioned Vehicles Importers and Dealers Association (BERVIDA). Where the members of the organization complained that their demands were not met in the budget.

My Responsibility:

My Editor directed me to cover the news. I covered the news by going to the spot on the ground. Since I am working as a sub-editor, I come to my desk write the news, and publish it on the website panel. Then the news editor makes the necessary corrections to the news and publishes it on the website.

Raw Copy:

বাজেটে কার্বন করের বিষয়টি যথার্থ নয়: বারভিডা সভাপতি

২০২৩-২৪ অর্থবছরের প্রস্তাবিত বাজেট অনুযায়ী একাধিক গাড়ি থাকলে দিতে হবে কার্বন কর। তবে বাজেটে কার্বন কর আরোপের বিষয়টি মোটেই যৌক্তিক নয় বলে মন্তব্য করেছেন বারভিডা সভাপতি মো. হাবিব উল্লাহ্ ডন।

মঙ্গলবার (৬ জুন) ঢাকা ক্লাবের স্যামসন এইচ চৌধুরী সেন্টারে ২০২৩-২৪ অর্থবছরের প্রস্তাবিত জাতীয় বাজেট বিষয়ে আয়োজিত এক সংবাদ সম্মেলনে এসব কথা জানান তিনি।

বারভিডা সভাপতি বলেন, আগামী অর্থবছর থেকে একাধিক গাড়ি থাকলে গুণতে হবে কার্বন কর। তবে অনেকেই বৈদ্যুতিক গাড়ি ব্যবহার করতে পারেন। যেগুলো পরিবেশবান্ধব। এক্ষেত্রে গ্রাহককে কেন কর দিতে হবে বলে প্রশ্ন তোলেন তিনি।

এ ছাড়া বারভিডা জাপান থেকে সর্বাধিক প্রযুক্তিসম্পন্ন এবং পরিবেশ বান্ধব গাড়ি আমদানি করে জানিয়ে তিনি আরও বলেন, এসব গাড়ি থেকে কার্বন নিঃসরনের সুযোগ নেই। তাই প্রস্তাবিত বাজেট অনুযায়ী এসব গাড়ির ব্যবহারকারীদের পরিবেশ সারচার্জ বা কার্বন কর প্রদানের বিষয়টি মোটেই যৌক্তিক নয়। এ বিষয়টিতে সুষ্পষ্ট দিক নির্দেশনা ও পরিষ্কার ব্যাখ্যার প্রয়োজন রয়েছে।

এর আগে বৃহস্পতিবার (১ জুন) প্রস্তাবিত বাজেট বক্তৃতায় অর্থমন্ত্রী আ হ ম মুস্তফা কামাল বলেন, একাধিক গাড়ি যাদের রয়েছে তাদের ২০২৩-২৪ অর্থবছর থেকে কার্বন কর দিতে হবে। কার্বন নিঃসরণ কমাতে ও পরিবেশ দূষণ রোধে ব্যক্তিগত যানবাহন ব্যবহার নিরুৎসাহিত করতে সরকার এ সিদ্ধান্ত নিয়েছে।

এদিকে আগামী বাজেটে দেশের ব্যাপক অবকাঠামোগত উন্নয়ন ও বিনিয়োগ সম্প্রসারণের কারণে দেশের বিভিন্ন প্রান্তে গড়ে উঠা শিল্প কারখানাগুলোতে যাতায়াতের নিরাপদ বাহন হিসেবে ব্যবহার করা জিপ গাড়ির সম্পূরক শুল্ক কমানোর প্রস্তাব করা হয়েছিল বলেও জানান বারভিডা সভাপতি। তিনি বলেন, প্রস্তাব অনুযায়ী সিসি স্ল্যাব ও সম্পূরক শুল্ক কমানো হলে এসব গাড়ি আমদানি বৃদ্ধি ও সরকারের রাজস্ব আয় বৃদ্ধির সুযোগ তৈরি হত। তবে প্রস্তাবিত বাজেটে এ বিষয়ে কোন উদ্যোগ গ্রহণ করা হয়নি।

তিনি আরও বলেন, ‘জ্বালানি ও বৈদেশিক মুদ্রার সংকটের কারণে আমরা অত্যন্ত চ্যালেঞ্জপূর্ণ সময় পার করছি। এমন পরিস্থিতিতে দেশে বৈদ্যুতিক গাড়ির আমদানি ও ব্যবহার বৃদ্ধি আমাদেরকে বড় রকমের স্বস্তি দিতে পারে। এ জন্য বৈদ্যুতিক গাড়ির বিদ্যমান ২০ শতাংশ সম্পূরক শুল্ক সম্পূর্ণ প্রত্যাহারের প্রস্তাব করা হয়েছিল।’

হাবিব উল্লাহ্ ডন বলেন, জ্বালানি সাশ্রয়ী ও পরিবেশ বান্ধব বৈদ্যুতিক গাড়ির চাহিদা প্রতিনিয়ত বৃদ্ধি পাওয়ায় ভারত, পাকিস্তান, মালয়েশিয়া, চীন, নিউজিল্যান্ড, অস্ট্রেলিয়া, যুক্তরাষ্ট্র ও যুক্তরাজ্যে বৈদ্যুতিক গাড়ি আমদানি ও ব্যবহারে ব্যাপক প্রণোদনা দেয়া হচ্ছে। ২০৩০ সাল নাগাদ মোটরযানে ফসিল ফুয়েলের ব্যবহার কমে আসায় বাংলাদেশেও বৈদ্যুতিক গাড়ির ব্যবহার বৃদ্ধি পাওয়ার ব্যাপক সম্ভাবনা রয়েছে। এ অবস্থায় পরিবেশ সুরক্ষা ও বৈদেশিক মুদ্রা সাশ্রয়ের লক্ষ্যে বৈদ্যুতিক গাড়ি আমদানি উৎসাহিত করতে এসব গাড়িকে সব ধরনের শুল্ক-কর হতে অব্যাহতি দেয়া জরুরি।

সংবাদ সম্মেলনে আরও উপস্থিত ছিলেন বারভিডার মহাপরিচালক শহীদুল ইসলাম, সহ-সভাপতি আসলাম সেরনিয়াবাত, সহ-সভাপতি রিয়াজুর রহমানসহ প্রমুখ।

Edited Copy:

বাজেটে কার্বন করের বিষয়টি যৌক্তিক নয়: বারভিডা সভাপতি

২০২৩-২৪ অর্থবছরের প্রস্তাবিত বাজেট অনুযায়ী একাধিক গাড়ি থাকলে দিতে হবে কার্বন কর। তবে বাজেটে কার্বন কর আরোপের বিষয়টি মোটেই যৌক্তিক নয় বলে মন্তব্য করেছেন বাংলাদেশ রিকন্ডিশন্ড ভেহিক্যালস ইমপোর্টার্স অ্যান্ড ডিলারস অ্যাসোসিয়েশনের (বারভিডা) সভাপতি মো. হাবিব উল্লাহ্ ডন।

মঙ্গলবার (৬ জুন) রাজধানীর ঢাকা ক্লাবের স্যামসন এইচ চৌধুরী সেন্টারে ২০২৩-২৪ অর্থবছরের প্রস্তাবিত জাতীয় বাজেট বিষয়ে আয়োজিত এক সংবাদ সম্মেলনে এ কথা জানান তিনি।

বারভিডা সভাপতি বলেন, আগামী অর্থবছর থেকে একাধিক গাড়ি থাকলে গুণতে হবে কার্বন কর। তবে অনেকেই বৈদ্যুতিক গাড়ি ব্যবহার করতে পারেন। যেগুলো পরিবেশবান্ধব। এক্ষেত্রে গ্রাহককে কেন কর দিতে হবে বলে প্রশ্ন তোলেন তিনি।

এ ছাড়া বারভিডা জাপান থেকে সর্বাধিক প্রযুক্তিসম্পন্ন এবং পরিবেশ বান্ধব গাড়ি আমদানি করে জানিয়ে তিনি আরও বলেন, এসব গাড়ি থেকে কার্বন নিঃসরনের সুযোগ নেই। তাই প্রস্তাবিত বাজেট অনুযায়ী এসব গাড়ির ব্যবহারকারীদের পরিবেশ সারচার্জ বা কার্বন কর প্রদানের বিষয়টি মোটেই যৌক্তিক নয়। এ বিষয়টিতে সুস্পষ্ট দিক নির্দেশনা ও পরিষ্কার ব্যাখ্যার প্রয়োজন রয়েছে।

এর আগে বৃহস্পতিবার (১ জুন) প্রস্তাবিত বাজেট বক্তৃতায় অর্থমন্ত্রী আ হ ম মুস্তফা কামাল বলেন, একাধিক গাড়ি যাদের রয়েছে তাদের ২০২৩-২৪ অর্থবছর থেকে কার্বন কর দিতে হবে। কার্বন নিঃসরণ কমাতে ও পরিবেশ দূষণ রোধে ব্যক্তিগত যানবাহন ব্যবহার নিরুৎসাহিত করতে সরকার এ সিদ্ধান্ত নিয়েছে।

এদিকে আগামী বাজেটে দেশের ব্যাপক অবকাঠামোগত উন্নয়ন ও বিনিয়োগ সম্প্রসারণের কারণে দেশের বিভিন্ন প্রান্তে গড়ে উঠা শিল্প কারখানাগুলোতে যাতায়াতের নিরাপদ বাহন হিসেবে ব্যবহার করা জিপ গাড়ির সম্পূরক শুল্ক কমানোর প্রস্তাব করা হয়েছিল বলেও জানান বারভিডা সভাপতি। তিনি বলেন, প্রস্তাব অনুযায়ী সিসি স্ল্যাব ও সম্পূরক শুল্ক কমানো হলে এসব গাড়ি আমদানি বৃদ্ধি ও সরকারের রাজস্ব আয় বৃদ্ধির সুযোগ তৈরি হত। তবে প্রস্তাবিত বাজেটে এ বিষয়ে কোন উদ্যোগ গ্রহণ করা হয়নি।

তিনি আরও বলেন, ‘জ্বালানি ও বৈদেশিক মুদ্রার সংকটের কারণে আমরা অত্যন্ত চ্যালেঞ্জপূর্ণ সময় পার করছি। এমন পরিস্থিতিতে দেশে বৈদ্যুতিক গাড়ির আমদানি ও ব্যবহার বৃদ্ধি আমাদেরকে বড় রকমের স্বস্তি দিতে পারে। এ জন্য বৈদ্যুতিক গাড়ির বিদ্যমান ২০ শতাংশ সম্পূরক শুল্ক সম্পূর্ণ প্রত্যাহারের প্রস্তাব করা হয়েছিল।’

হাবিব উল্লাহ্ ডন বলেন, জ্বালানি সাশ্রয়ী ও পরিবেশ বান্ধব বৈদ্যুতিক গাড়ির চাহিদা প্রতিনিয়ত বৃদ্ধি পাওয়ায় ভারত, পাকিস্তান, মালয়েশিয়া, চীন, নিউজিল্যান্ড, অস্ট্রেলিয়া, যুক্তরাষ্ট্র ও যুক্তরাজ্যে বৈদ্যুতিক গাড়ি আমদানি ও ব্যবহারে ব্যাপক প্রণোদনা দেয়া হচ্ছে। ২০৩০ সাল নাগাদ মোটরযানে ফসিল ফুয়েলের ব্যবহার কমে আসায় বাংলাদেশেও বৈদ্যুতিক গাড়ির ব্যবহার বৃদ্ধি পাওয়ার ব্যাপক

সম্ভাবনা রয়েছে। এ অবস্থায় পরিবেশ সুরক্ষা ও বৈদেশিক মুদ্রা সাশ্রয়ের লক্ষ্যে বৈদ্যুতিক গাড়ি আমদানি উৎসাহিত করতে এসব গাড়িকে সব ধরনের শুল্ক-কর হতে অব্যাহতি দেয়া জরুরি।

সংবাদ সম্মেলনে আরও উপস্থিত ছিলেন বারভিডার মহাপরিচালক শহীদুল ইসলাম, সহ-সভাপতি আসলাম সেরনিয়াবাত, সহ-সভাপতি রিয়াজুর রহমানসহ প্রমুখ।

Published Copy:

News link: https://www.somoynews.tv/news/2023-06-06/WP6QM4WY

সময়
নিউজ খুঁজুন
সর্বশেষ সময় | ফুটবল | ক্রিকেট | ডেঙ্গু | ভিডিও সময়
বাংলাদেশ | রাজনীতি | আন্তর্জাতিক | খেলা | বিনোদন

বাণিজ্য

১৬ টা ৩৪ মিনিট, ৬ জুন ২০২৩

বাজেটে কার্বন করের বিষয়টি যৌক্তিক নয়: বারভিডা সভাপতি

২০২৩-২৪ অর্থবছরের প্রস্তাবিত বাজেট অনুযায়ী একাধিক গাড়ি থাকলে দিতে হবে কার্বন কর। তবে বাজেটে কার্বন কর আরোপের বিষয়টি মোটেই যৌক্তিক নয় বলে মন্তব্য করেছেন বাংলাদেশ রিকন্ডিশন্ড ভেহিক্যালস ইমপোর্টার্স অ্যান্ড ডিলারস অ্যাসোসিয়েশনের (বারভিডা) সভাপতি মো. হাবিব উল্লাহ ডন।

২০২৩-২৪ অর্থবছরের প্রস্তাবিত জাতীয় বাজেট বিষয়ে আয়োজিত সংবাদ সম্মেলনে কথা বলছেন বারভিডা সভাপতি মো. হাবিব উল্লাহ ডন। ছবি: বিশ্বজিৎ দাস বিজয়

বিশ্বজিৎ দাস বিজয়
২ মিনিটে পড়ুন

Carbon Tax in the Budget Isn't a Rational Move: Barvida President. Picture 3.1

নিউজ খুঁজুন

সর্বশেষ সময় | ফুটবল | ক্রিকেট | ডেঙ্গু | ভিডিও সময়

বাংলাদেশ | রাজনীতি | আন্তর্জাতিক | খেলা | বিনোদন | স্বাস্থ্য

বিশ্বজিৎ দাস বিজয়

২ মিনিটে পড়ুন

বিজ্ঞাপন

মঙ্গলবার (৬ জুন) রাজধানীর ঢাকা ক্লাবের স্যামসন এইচ চৌধুরী সেন্টারে ২০২৩-২৪ অর্থবছরের প্রস্তাবিত জাতীয় বাজেট বিষয়ে আয়োজিত এক সংবাদ সম্মেলনে এ কথা জানান তিনি।

বিজ্ঞাপন

বারভিডা সভাপতি বলেন, আগামী অর্থবছর থেকে একাধিক গাড়ি থাকলে গুণতে হবে কার্বন কর। তবে অনেকেই বৈদ্যুতিক গাড়ি ব্যবহার করতে পারেন। যেগুলো পরিবেশবান্ধব। এক্ষেত্রে গ্রাহককে কেন কর দিতে হবে বলে প্রশ্ন তোলেন তিনি।

আরও পড়ুন: একাধিক গাড়ি থাকলে দিতে হবে কার্বন কর

এ ছাড়া বারভিডা জাপান থেকে সর্বাধিক প্রযুক্তিসম্পন্ন এবং পরিবেশ বান্ধব গাড়ি আমদানি করে জানিয়ে তিনি আরও বলেন, এসব গাড়ি থেকে কার্বন নিঃসরনের সুযোগ নেই। তাই প্রস্তাবিত বাজেট অনুযায়ী এসব গাড়ির ব্যবহারকারীদের পরিবেশ সারচার্জ বা কার্বন কর প্রদানের বিষয়টি মোটেই যৌক্তিক নয়। এ বিষয়টিতে সুস্পষ্ট দিক নির্দেশনা ও পরিষ্কার ব্যাখ্যার প্রয়োজন রয়েছে।

এর আগে বৃহস্পতিবার (১ জুন) প্রস্তাবিত বাজেট বক্তৃতায় অর্থমন্ত্রী আ হ ম মুস্তফা কামাল বলেন, একাধিক গাড়ি যাদের রয়েছে তাদের ২০২৩-২৪ অর্থবছর থেকে কার্বন কর দিতে হবে। কার্বন নিঃসরণ কমাতে ও পরিবেশ দূষণ রোধে ব্যক্তিগত যানবাহন ব্যবহার নিরুৎসাহিত করতে সরকার এ সিদ্ধান্ত নিয়েছে।

Carbon Tax in the Budget Isn't a Rational Move: Barvida President. Picture 3.2

সময়
নিউজ খুঁজুন
সর্বশেষ সময় | ফুটবল | ক্রিকেট | ডেঙ্গু | ভিডিও সময়
বাংলাদেশ | রাজনীতি | আন্তর্জাতিক | খেলা | বিনোদন

আরও পড়ুন: একাধিক গাড়ি থাকলে দিতে হবে কার্বন কর

এ ছাড়া বারভিডা জাপান থেকে সর্বাধিক প্রযুক্তিসম্পন্ন এবং পরিবেশ বান্ধব গাড়ি আমদানি করে জানিয়ে তিনি আরও বলেন, এসব গাড়ি থেকে কার্বন নিঃসরনের সুযোগ নেই। তাই প্রস্তাবিত বাজেট অনুযায়ী এসব গাড়ির ব্যবহারকারীদের পরিবেশ সারচার্জ বা কার্বন কর প্রদানের বিষয়টি মোটেই যৌক্তিক নয়। এ বিষয়টিতে সুস্পষ্ট দিক নির্দেশনা ও পরিষ্কার ব্যাখ্যার প্রয়োজন রয়েছে।

এর আগে বৃহস্পতিবার (১ জুন) প্রস্তাবিত বাজেট বক্তৃতায় অর্থমন্ত্রী আ হ ম মুস্তফা কামাল বলেন, একাধিক গাড়ি যাদের রয়েছে তাদের ২০২৩-২৪ অর্থবছর থেকে কার্বন কর দিতে হবে। কার্বন নিঃসরণ কমাতে ও পরিবেশ দূষণ রোধে ব্যক্তিগত যানবাহন ব্যবহার নিরুৎসাহিত করতে সরকার এ সিদ্ধান্ত নিয়েছে।

এদিকে আগামী বাজেটে দেশের ব্যাপক অবকাঠামোগত উন্নয়ন ও বিনিয়োগ সম্প্রসারণের কারণে দেশের বিভিন্ন প্রান্তে গড়ে উঠা শিল্প কারখানাগুলোতে যাতায়াতের নিরাপদ বাহন হিসেবে ব্যবহার করা জিপ গাড়ির সম্পূরক শুল্ক কমানোর প্রস্তাব করা হয়েছিল বলেও জানান বারভিডা সভাপতি। তিনি বলেন, প্রস্তাব অনুযায়ী সিসি স্ল্যাব ও সম্পূরক শুল্ক কমানো হলে এসব গাড়ি আমদানি বৃদ্ধি ও সরকারের রাজস্ব আয় বৃদ্ধির সুযোগ তৈরি হত। তবে প্রস্তাবিত বাজেটে এ বিষয়ে কোন উদ্যোগ গ্রহণ করা হয়নি।

আরও পড়ুন: টিআইএন থাকলেই দিতে হবে কর

তিনি আরও বলেন, 'জ্বালানি ও বৈদেশিক মুদ্রার সংকটের কারণে আমরা অত্যন্ত চ্যালেঞ্জপূর্ণ সময় পার করছি। এমন পরিস্থিতিতে দেশে বৈদ্যুতিক গাড়ির আমদানি ও ব্যবহার বৃদ্ধি আমাদেরকে বড় রকমের স্বস্তি দিতে পারে। এ জন্য বৈদ্যুতিক গাড়ির বিদ্যমান ২০ শতাংশ সম্পূরক শুল্ক সম্পূর্ণ প্রত্যাহারের প্রস্তাব করা হয়েছিল।'

হাবিব উল্লাহ ডন বলেন, জ্বালানি সাশ্রয়ী ও পরিবেশ বান্ধব বৈদ্যুতিক গাড়ির চাহিদা প্রতিনিয়ত বৃদ্ধি পাওয়ায় ভারত, পাকিস্তান, মালয়েশিয়া, চীন, নিউজিল্যান্ড, অস্ট্রেলিয়া, যুক্তরাষ্ট্র ও যুক্তরাজ্যে বৈদ্যুতিক গাড়ি আমদানি ও ব্যবহারে ব্যাপক প্রণোদনা দেয়া হচ্ছে। ২০৩০ সাল নাগাদ মোটরযানে ফসিল ফুয়েলের ব্যবহার কমে আসায় বাংলাদেশেও বৈদ্যুতিক গাড়ির ব্যবহার বৃদ্ধি পাওয়ার ব্যাপক সম্ভাবনা রয়েছে। এ অবস্থায় পরিবেশ সুরক্ষা ও বৈদেশিক মুদ্রা সাশ্রয়ের লক্ষ্যে বৈদ্যুতিক গাড়ি আমদানি উৎসাহিত করতে এসব গাড়িকে সব ধরনের শুল্ক-কর হতে অব্যাহতি দেয়া জরুরি।

সংবাদ সম্মেলনে আরও উপস্থিত ছিলেন বারভিডার মহাপরিচালক শহীদুল ইসলাম, সহ-সভাপতি আসলাম সেরনিয়াবাত, সহ-সভাপতি রিয়াজুর রহমানসহ প্রমুখ।

বাজেট | সময় নিউজ | বাজেট ২০২৩-২৪ | কার্বন কর | বারভিডা

Carbon Tax in the Budget Isn't a Rational Move: Barvida President. Picture 3.3

My Mistakes:

Before Editing	**After Editing**
শিরোনাম: বাজেটে কার্বন করের বিষয়টি যথার্থ নয়: বারভিডা সভাপতি	**শিরোনাম:** বাজেটে কার্বন করের বিষয়টি যৌক্তিক নয়: বারভিডা সভাপতি
২০২৩-২৪ অর্থবছরের প্রস্তাবিত বাজেট অনুযায়ী একাধিক গাড়ি থাকলে দিতে হবে কার্বন কর। তবে বাজেটে কার্বন কর আরোপের বিষয়টি মোটেই যৌক্তিক নয় বলে মন্তব্য করেছেন বারভিডা সভাপতি মো. হাবিব উল্লাহ্ ডন।	২০২৩-২৪ অর্থবছরের প্রস্তাবিত বাজেট অনুযায়ী একাধিক গাড়ি থাকলে দিতে হবে কার্বন কর। তবে বাজেটে কার্বন কর আরোপের বিষয়টি মোটেই যৌক্তিক নয় বলে মন্তব্য করেছেন বাংলাদেশ রিকন্ডিশন্ড ভেহিক্যালস ইমপোর্টার্স অ্যান্ড ডিলারস অ্যাসোসিয়েশনের (বারভিডা) সভাপতি মো. হাবিব উল্লাহ্ ডন।
মঙ্গলবার (৬ জুন) ঢাকা ক্লাবের স্যামসন এইচ চৌধুরী সেন্টারে ২০২৩-২৪ অর্থবছরের প্রস্তাবিত জাতীয় বাজেট বিষয়ে আয়োজিত এক সংবাদ সম্মেলনে এসব কথা জানান তিনি।	মঙ্গলবার (৬ জুন) রাজধানীর ঢাকা ক্লাবের স্যামসন এইচ চৌধুরী সেন্টারে ২০২৩-২৪ অর্থবছরের প্রস্তাবিত জাতীয় বাজেট বিষয়ে আয়োজিত এক সংবাদ সম্মেলনে এ কথা জানান তিনি।

My Learnings:

- Need to write short and simple sentences.
- Spell out acronyms in full at first reference
- Spelling skills are developed.
- Learned to use appropriate words.

Project -4

Project Type: Buriganga River

Project Title: বৃষ্টি হলেই বুড়িগঙ্গায় নৌকার ভাড়া দ্বিগুণ! (Boat Rentals Along the Buriganga Double as Rain Arrives)

Project Description:

Passengers on both banks of the Buriganga River use boats to cross the river. But when it rains, this boat becomes the cause of cost increase. That time the boatmen collect double money from the passengers.

My Responsibility:

My Editor directed me to cover the news. I covered the news by going to the spot on the ground. Since I am working as a sub-editor, I come to my desk write the news, and publish it on the website panel. Then the news editor makes the necessary corrections to the news and publishes it on the website.

Raw Copy:

বৃষ্টিতে বুড়িগঙ্গায় নৌকার ভাড়া দ্বিগুণ

তীব্র তাপদাহের পর স্বস্তির বৃষ্টিতে রাজধানীর জনজীবনে নেমে এসেছে প্রশান্তি। তবে এই স্বস্তির মধ্যেও বুড়িগঙ্গা পাড়ের মানুষদের অস্বস্তি বাড়িয়েছে নৌকা ভাড়া।

শুক্রবার (৯ জুন) সকাল থেকেই ঢাকার আকাশ মেঘে ঢাকা। তারপর শুরু হয় গুঁড়ি গুঁড়ি বৃষ্টি। মাঝে মাঝে বজ্রপাতও হচ্ছে। এরপর বেলা ১১টার পর শুরু হয় ঝুম বৃষ্টি।

এ সময় পুরান ঢাকার বুড়িগঙ্গা নদীর বিভিন্ন নৌকা ঘাট ঘুরে দেখা যায়, বৃষ্টি যেন অস্বস্তির কারণ হয়ে দাঁড়িয়েছে বুড়িগঙ্গা তীরের দুই পাড়ের মানুষের কাছে। বৃষ্টির কারণে প্রায় দ্বিগুণ হয়েছে নৌকা ভাড়া। এতে বিপাকে পড়তে হচ্ছে যাত্রীদের।

যাত্রীরা জানান, এটা নতুন কিছু নয়। বৃষ্টি নামলেই ভাড়া বেড়ে যায় নৌকার। তবুও নৌকা পাওয়া যায় না সব সময়। অন্তর সমাজদার নামে এক কলেজ শিক্ষার্থী জানান, বৃষ্টি নামলে ৩০ টাকার নৌকা ভাড়া ৫০ টাকা হয়ে যায়। সোয়ারিঘাট, আলম মার্কেট ঘাট ও তেলঘাটসহ প্রায় সবকয়টি ঘাটেই একই অবস্থা।

চপল দাস নামে আরেক যাত্রী বলেন, এটা মাঝিদের সব সময়ের কাজ। বৃষ্টি নামলেই ভাড়া বাড়িয়ে দেয়। এর বিরুদ্ধে ব্যবস্থা নেয়া দরকার।

আর মাঝিরা জানান, বৃষ্টিতে ভিজে নৌকা চালাতে হয়। এতে জ্বর এসে যায়। তাই মাঝে মধ্যে ৫ থেকে ১০ টাকা বেশি চাওয়া হয়। সোহেল শেখ নামে এক নৌকাচালক জানান, 'এতদিন তীব্র গরমে নৌকা চালাতে হয়েছে। তখন কিন্তু আমরা ভাড়া বাড়াইনি। বৃষ্টিতে ভিজে নৌকা চালাই। এজন্য কিছু টাকা বকশিস চাই। কেউ দেয়, আবার কেউ দেয় না।'

আইয়ুব আলী নামে আরেকজন নৌকাচালক জানান, 'কয়েকদিনের গরমে নৌকা চালাতে কষ্ট হচ্ছিল। বৃষ্টি নামায় দুনিয়াডা ঠান্ডা হইছে। তয় বৃষ্টিতে যাত্রী কমে গেছে।'

এ ব্যাপারে সংশ্লিষ্ট ঘাটের ইজারাদারদের সঙ্গে কথা বলার চেষ্টা করলেও কথা বলতে রাজি হননি তারা।

Edited Copy:

বৃষ্টি হলেই বুড়িগঙ্গায় নৌকার ভাড়া দ্বিগুণ!

তীব্র তাপদাহের পর স্বস্তির বৃষ্টিতে রাজধানীর জনজীবনে নেমে এসেছে প্রশান্তি। তবে এই স্বস্তির মধ্যেও বুড়িগঙ্গা পাড়ের মানুষদের অস্বস্তি বাড়িয়েছে নৌকা ভাড়া।

শুক্রবার (৯ জুন) সকাল থেকেই ঢাকার আকাশ মেঘে ঢাকা। তারপর শুরু হয় গুঁড়ি গুঁড়ি বৃষ্টি। মাঝে মাঝে বজ্রপাতও হচ্ছে। এরপর বেলা ১১টার পর শুরু হয় ঝুম বৃষ্টি।

এ সময় পুরান ঢাকার বুড়িগঙ্গা নদীর বিভিন্ন নৌকা ঘাট ঘুরে দেখা যায়, বৃষ্টি যেন অস্বস্তির কারণ হয়ে দাঁড়িয়েছে বুড়িগঙ্গা তীরের দুই পাড়ের মানুষের কাছে। বৃষ্টির কারণে প্রায় দ্বিগুণ হয়েছে নৌকা ভাড়া। এতে বিপাকে পড়তে হচ্ছে যাত্রীদের।

যাত্রীরা জানান, এটা নতুন কিছু নয়। বৃষ্টি নামলেই ভাড়া বেড়ে যায় নৌকার। তবুও নৌকা পাওয়া যায় না সব সময়। অন্তর সমাজদার নামে এক কলেজ শিক্ষার্থী জানান, বৃষ্টি নামলে ৩০ টাকার নৌকা ভাড়া ৫০ টাকা হয়ে যায়। সোয়ারিঘাট, আলম মার্কেট ঘাট ও তেলঘাটসহ প্রায় সবকয়টি ঘাটেই একই অবস্থা।

চপল দাস নামে আরেক যাত্রী বলেন, এটা মাঝিদের সব সময়ের কাজ। বৃষ্টি নামলেই ভাড়া বাড়িয়ে দেয়। এর বিরুদ্ধে ব্যবস্থা নেয়া দরকার।

আর মাঝিরা জানান, বৃষ্টিতে ভিজে নৌকা চালাতে হয়। এতে জ্বর এসে যায়। তাই মাঝে মধ্যে ৫ থেকে ১০ টাকা বেশি চাওয়া হয়। সোহেল শেখ নামে এক নৌকাচালক জানান, ‘এতদিন তীব্র গরমে নৌকা চালাতে হয়েছে। তখন কিন্তু আমরা ভাড়া বাড়াইনি। বৃষ্টিতে ভিজে নৌকা চালাই। এজন্য কিছু টাকা বকশিস চাই। কেউ দেয়, আবার কেউ দেয় না।’

আইয়ুব আলী নামে আরেকজন নৌকাচালক জানান, ‘কয়েকদিনের গরমে নৌকা চালাতে কষ্ট হচ্ছিল। বৃষ্টি নামায় দুনিয়াডা ঠান্ডা হইছে। তয় বৃষ্টিতে যাত্রী কমে গেছে।’

এ ব্যাপারে সংশ্লিষ্ট ঘাটের ইজারাদারদের সঙ্গে কথা বলার চেষ্টা করলেও কথা বলতে রাজি হননি তারা।

Published Copy:

News Link: https://www.somoynews.tv/news/2023-06-09/CMNwEyP7

সময়

বৃষ্টি হলেই বুড়িগঙ্গায়

সর্বশেষ সময় | ফুটবল | ক্রিকেট | ডেঙ্গু | ভিডিও সময়

বাংলাদেশ | রাজনীতি | আন্তর্জাতিক | খেলা | বিনোদন

বাংলাদেশ

১৬ টা ৫২ মিনিট, ৯ জুন ২০২৩

বৃষ্টি হলেই বুড়িগঙ্গায় নৌকার ভাড়া দ্বিগুণ!

তীব্র তাপদাহের পর স্বস্তির বৃষ্টিতে রাজধানীর জনজীবনে নেমে এসেছে প্রশান্তি। তবে এই স্বস্তির মধ্যেও বুড়িগঙ্গা পাড়ের মানুষদের অস্বস্তি বাড়িয়েছে নৌকা ভাড়া।

বৃষ্টিতে নৌকা ভাড়া বেড়ে দ্বিগুণ। ছবি: বিশ্বজিৎ দাস বিজয়

বিশ্বজিৎ দাস বিজয়

২ মিনিটে পড়ুন

Boat Rentals Along the Buriganga Double as Rain Arrives. Picture 4.1

বৃষ্টি হলেই বুড়িগঙ্গায়

সর্বশেষ সময় | ফুটবল | ক্রিকেট | ডেঙ্গু | ভিডিও সময়

বাংলাদেশ | রাজনীতি | আন্তর্জাতিক | খেলা | বিনোদন

শুক্রবার (৯ জুন) সকাল থেকেই ঢাকার আকাশ মেঘে ঢাকা। তারপর শুরু হয় গুঁড়ি গুঁড়ি বৃষ্টি। মাঝে মাঝে বজ্রপাতও হচ্ছে। এরপর বেলা ১১টার পর শুরু হয় ঝুম বৃষ্টি।

এ সময় পুরান ঢাকার বুড়িগঙ্গা নদীর বিভিন্ন নৌকা ঘাট ঘুরে দেখা যায়, বৃষ্টি যেন অস্বস্তির কারণ হয়ে দাঁড়িয়েছে বুড়িগঙ্গা তীরের দুই পাড়ের মানুষের কাছে। বৃষ্টির কারণে প্রায় দ্বিগুণ হয়েছে নৌকা ভাড়া। এতে বিপাকে পড়তে হচ্ছে যাত্রীদের।

যাত্রীরা জানান, এটা নতুন কিছু নয়। বৃষ্টি নামলেই ভাড়া বেড়ে যায় নৌকার। তবুও নৌকা পাওয়া যায় না সব সময়। অন্তর সমাজদার নামে এক কলেজ শিক্ষার্থী জানান, বৃষ্টি নামলে ৩০ টাকার নৌকা ভাড়া ৫০ টাকা হয়ে যায়। সোয়ারিঘাট, আলম মার্কেট ঘাট ও তেলঘাটসহ প্রায় সবকয়টি ঘাটেই একই অবস্থা।

আরও পড়ুন: স্বস্তির বৃষ্টিতে ভিজল ঢাকা

চপল দাস নামে আরেক যাত্রী বলেন, এটা মাঝিদের সব সময়ের কাজ। বৃষ্টি নামলেই ভাড়া বাড়িয়ে দেয়। এর বিরুদ্ধে ব্যবস্থা নেয়া দরকার।

আর মাঝিরা জানান, বৃষ্টিতে ভিজে নৌকা চালাতে হয়। এতে জ্বর এসে যায়। তাই মাঝে মধ্যে ৫ থেকে ১০ টাকা বেশি চাওয়া হয়। সোহেল শেখ নামে এক নৌকাচালক জানান, 'এতদিন তীব্র গরমে নৌকা চালাতে হয়েছে। তখন কিন্তু আমরা ভাড়া বাড়াইনি। বৃষ্টিতে ভিজে নৌকা চালাই। এজন্য কিছু টাকা বকশিস চাই। কেউ দেয়, আবার কেউ দেয় না।'

আইয়ুব আলী নামে আরেকজন নৌকাচালক জানান, 'কয়েকদিনের গরমে নৌকা চালাতে কষ্ট হচ্ছিল। বৃষ্টি নামায় দুনিয়াডা ঠান্ডা হইছে। তয় বৃষ্টিতে যাত্রী কমে গেছে।'

এ ব্যাপারে সংশ্লিষ্ট ঘাটের ইজারাদারদের সঙ্গে কথা বলার চেষ্টা করলেও কথা বলতে রাজি হননি তারা।

বৃষ্টি | বুড়িগঙ্গা নদী | সময় নিউজ | নৌকা ভাড়া

Boat Rentals Along the Buriganga Double as Rain Arrives. Picture 4.2

My Mistakes:

Before Editing	**After Editing**
শিরোনাম: বৃষ্টিতে বুড়িগঙ্গায় নৌকার ভাড়া দ্বিগুণ	শিরোনাম: বৃষ্টি হলেই বুড়িগঙ্গায় নৌকার ভাড়া দ্বিগুণ!

My Learnings:

- Need to write short and simple sentences.
- Spelling skills are developed.
- Learned to use appropriate words.

Project -5

Project Type: Child Labor Prevention Day

Project Title: দিবস পালনে কি আদৌ বন্ধ হবে শিশুশ্রম? (Will Child Labor End Through Child Labor Day Celebrations?)

Project Description:

Every year various international organizations observe Child Labor Prevention Day to stop child labour. Besides, various initiatives are being taken to stop child labor. However, child labor is not decreasing. What do social analysts say about this? This report is arranged with that in mind.

My Responsibility:

My Desk In-Charge instructed me to write this special report on the occasion of Child Labor Prevention Day. I have collected data and prepared the report. Since I am working as a sub-editor, I come to my desk write the news, and publish it on the website panel. Then the news editor makes the necessary corrections to the news and publishes it on the website.

Raw Copy:

দিবস পালনে কি আদৌ বন্ধ হবে শিশুশ্রম?

দশ বছরের ছোট্ট বিকাশ। যে বয়সে বিকাশের মেধা বিকাশ হওয়ার কথা সে বয়সে কাজ করছে ইটের ভাটায়। সকাল থেকে সন্ধ্যা পর্যন্ত ছোটাছুটি করছে ইটের বোঝা মাথায় নিয়ে। শুধু বিকাশই নয়; বিকাশের মতো আরও কয়েক লাখ শিশু কাজ করছে দেশের বিভিন্ন ইট ভাটাসহ নানান কাজে।

বিশ্বজুড়ে ক্ষুধা, দারিদ্র্যের প্রভাবে প্রতিনিয়ত বাড়ছে শিশুশ্রমের মতো ভয়াবহ সামাজিক ব্যাধি। এতে জীবনের ভালো মন্দ কোনো কিছু বুঝে ওঠার আগেই শিশুরা জড়িয়ে পড়ছে অর্থ উপার্জনের কাজে। বন্ধ হচ্ছে শিশুর পড়ালেখা, ব্যহত হচ্ছে সুস্থভাবে বেড়ে ওঠার স্বাভাবিক জীবন ব্যবস্থা।

শিশুশ্রম বন্ধে প্রতিবছরের মতো এবারও সারা বিশ্বে আন্তর্জাতিক শ্রম সংস্থা (আইএলও), ইউনিসেফসহ বিভিন্ন আন্তর্জাতিক ও দেশীয় বেসরকারি উন্নয়ন সংস্থা পালন করছে বিশ্ব শিশুশ্রম প্রতিরোধ দিবস। এবারের প্রতিপাদ্য ‘শিশুর শিক্ষা ও সুরক্ষা নিশ্চিত করি, শিশুশ্রম বন্ধ করি’।

দেশের বিভিন্ন শিশু বিষয়ক সংগঠন শিশুশ্রম প্রতিরোধ দিবস উপলক্ষে হাতে নিয়েছে নানা পদক্ষেপ। তবে এত কিছুর পরেও কি কমছে শিশুশ্রম? যে বয়সে শিশুর হাতে থাকার কথা বই আর কলম, সে বয়সে শিশুটি নিজের অথবা পরিবারের আহার জোগানোর জন্য কায়িক শ্রমের এই পথে নামতে বাধ্য হচ্ছে।

কেরানীগঞ্জের ইট ভাটায় কাজ করা এক শ্রমিক জানান, এখানকার ইটভাটাগুলোতে প্রচুর শিশুশ্রমিক কাজ করে। এদের কেউ কোনদিন স্কুলে যায়নি। ৪ থেকে ৫ বছর বয়স থেকেই মূলত ভাটার শিশুদের জীবনে কাজ শুরু হয়। এটা বছরের পর বছর ধরে চলে আসছে।

আর রাজধানীর গুলিস্তানের একটি লেগুনার চালক ইদ্রিস আলী বলেন, 'লেগুনাগুলোতে প্রচুর শিশু হেলপার হিসেবে কাজ করে। এদের বেশিরভাগের বয়সই নিন্তান্ত কম। কাজ না করলে খাইতে পাবে না, তাই লেগুনায় হেলপার হিসেবে কাজ করে। এই কাজে ঝুঁকি আছে; তাও কাজে নিতে হয়।'

এছাড়া সদরঘাট থেকে চলাচল করা বিভিন্ন বাসেও হেলপারের কাজ করতে দেখা যায় শিশুদের। এমনকি সদরঘাট থেকে গুলিস্তান পর্যন্ত চলাচল করা বেশিরভাগ ঘোড়ার গাড়ির চালকই ১৮

বছরের নিচে। আর বিভিন্ন কলকারখানায়ও হরহামেশাই কাজ করতে দেখা যায় বিভিন্ন বয়সের শিশুদের।

এ বিষয়ে ঢাকা বিশ্ববিদ্যালয়ের সমাজকল্যাণ ও গবেষণা ইনস্টিটিউটের শিক্ষক এবং অপরাধ বিশেষজ্ঞ ড. তৌহিদুল হক বলেন, সারা বিশ্বে কমবেশি শিশুশ্রম রয়েছে। পরিবারের আর্থিক অনটনসহ নানা অনিশ্চিয়তার কারণে দেশে এখন শিশুরা বেশি ঝুঁকে পড়ছে শ্রমের দিকে। মূলত এসব শিশু বাসের হেলপার, গাড়ি মেরামত, কলকারখানার শ্রমিক হিসেবে কাজ করছে।

বিশ্ব শিশুশ্রম প্রতিরোধ দিবস প্রসঙ্গে তিনি বলেন, প্রতিবছরই বিভিন্ন প্রতিপাদ্যকে সামনে রেখে শিশুশ্রম প্রতিরোধ দিবস পালন করা হয়। তবে এতে খুব একটা লাভ হয় না। কারণ আমাদের দেশের প্রেক্ষাপটে শিশুরা ঝুঁকিপূর্ণ কাজ থেকে শুরু করে নানা ধরনের কাজে কেন জড়িয়ে পড়ছে সেটি খুঁজে বের করতে হবে। এর কারণ খুঁজে বের করে সমাধান করা না গেলে শুধু দিবস পালন করে এর সমাধান করা যাবে না।

কেন্দ্রীয় খেলাঘর আসরের কার্যনির্বাহী সদস্য তাহাজুল ইসলাম ফয়সাল বলেন, শিশুশ্রম প্রতিরোধ দিবসের মূল উদ্দেশ্য হচ্ছে শিশুর সামগ্রিক অধিকার বাস্তবায়ন ও শিশুশ্রম থেকে শিশুদের মুক্ত রাখা। অতএব দিবসটি খুব গুরুত্বপূর্ণ শিশুদের নিরাপদ শৈশব নিশ্চিত করার লক্ষ্যে। দিবসকে কেন্দ্র করে দেশের শিশুদের সামগ্রিক একটি চিত্র ফুটে ওঠে যার ফলে এখানে কি কি ঘাটতি আছে সেটা প্রকাশ পায় এবং কি কি করণীয় সেটাও ভাববার সুযোগ তৈরি হয়। এক্ষেত্রে রাষ্ট্রীয়ভাবে, আন্তর্জাতিক সংস্থা ও স্থানীয় সংগঠনগুলো নানান কর্মসূচি গ্রহণ করে সচেতনতা বাড়ায়।

শিশুশ্রম বন্ধের বিষয়ে ফয়সাল আরও বলেন, শিশুশ্রম বন্ধ করতে হলে প্রথমেই শ্রমিক শিশুটির পরিবারের দিকে তাকাতে হবে। আর্থিক সংকট থাকলে অভিভাবকের যেমন কর্মসংস্থানের ব্যবস্থা করা জরুরি; ঠিক তেমনি অভিভাবককে সচেতনও করতে হবে।

দেশের শিল্প কারখানায় শিশুশ্রমিক এখন তুলনামূলক কম হলেও পুরোপুরি শিশুশ্রম বন্ধ হয়নি বলেও জানান ফয়সাল। তিনি বলেন, এই শিশুদের কাজ থেকে ফিরিয়ে শিক্ষা প্রতিষ্ঠানে পাঠাতে হলে শিশুটি যে আয় করতো সেটি বন্ধ হয় ও লেখাপড়া করতে তার আবার খরচ বহন করতে হয়। এই আয় ও খরচ এই দুটোকে যদি রাষ্ট্রীয়ভাবে সমন্বয় করা যায় তাহলে বিশাল অংশ শিশুশ্রম থেকে সরে আসবে।

এ ছাড়া যেসব ব্যক্তি ও প্রতিষ্ঠান ঝুঁকিপূর্ণ কাজে শিশুদের নিয়োগ দেয় তাদের বিরুদ্ধে আইনগত ব্যবস্থা গ্রহণ এবং তদারকি প্রয়োজন জানিয়ে তাহাজুল ইসলাম ফয়সাল বলেন, দেশে শিশুদের জন্য ভিন্ন একটি মন্ত্রণালয় প্রয়োজন; যেটি শুধুমাত্র শিশু মন্ত্রণালয় হিসেবে কাজ করবে।

এদিকে শিশুশ্রম প্রতিরোধ দিবস উপলক্ষে দেয়া এক বাণীতে রাষ্ট্রপতি মো. সাহাবুদ্দিন বলেন, শিশুরাই জাতির ভবিষ্যৎ। উন্নত ও সমৃদ্ধ বাংলাদেশ গড়তে হলে শিশুর সার্বিক কল্যাণ নিশ্চিত করে তাদের সুযোগ্য নাগরিক হিসেবে গড়ে তোলার বিকল্প নেই। শিশুশ্রম একটি বৈশ্বিক সমস্যা। সরকারের লক্ষ্য এসডিজি বাস্তবায়নের মাধ্যমে ২০২৫ সালের মধ্যে দেশকে সব ধরনের শিশুশ্রম হতে মুক্ত করা। শিশুশ্রম নির্মূল করে বাধ্যতামূলক শিক্ষা প্রদানের মাধ্যমে শিশুর যথাযথ বিকাশ নিশ্চিত করতে হবে। শিশুদের সার্বিক বিকাশ নিশ্চিত করার লক্ষ্যে যথাযথ কর্মসূচি গ্রহণ করতে হবে।

আলাদা বাণীতে প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেন, দেশের ভবিষ্যৎ প্রজন্ম তথা শিশুদের শিক্ষা, নিরাপত্তা ও সুস্বাস্থ্য নিশ্চিত করতে সরকার বদ্ধপরিকর। শিশুদের জন্য নিরাপত্তা, খাদ্য ও পুষ্টি, আশ্রয় ও সুরক্ষা এবং শিক্ষা ও স্বাস্থ্যের মতো মৌলিক বিষয় সম্পর্কিত নানাবিধ কর্মসূচিসহ শিশুশ্রম বন্ধ করার লক্ষ্যে সামাজিক নিরাপত্তা বেষ্টনীর আওতায় টেকসই উন্নয়ন নীতি বাস্তবায়ন করা হচ্ছে। শিশুশ্রম-নিরসনে শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় বিভাগীয়, জেলা ও উপজেলা কমিটিগুলোর সক্ষমতা বৃদ্ধিতে কাজ করছে।

Edited Copy:

দিবস পালনে কি আদৌ বন্ধ হবে শিশুশ্রম?

দশ বছরের ছোট্ট বিকাশ। যে বয়সে বিকাশের মেধা বিকাশ হওয়ার কথা সে বয়সে কাজ করছে ইটের ভাটায়। সকাল থেকে সন্ধ্যা পর্যন্ত ছোটাছুটি করছে ইটের বোঝা মাথায় নিয়ে। শুধু বিকাশই নয়; তার মতো আরও কয়েক লাখ শিশু কাজ করছে দেশের বিভিন্ন ইট ভাটাসহ নানান পেশায়।

বিশ্বজুড়ে ক্ষুধা, দারিদ্র্যের প্রভাবে প্রতিনিয়ত বাড়ছে শিশুশ্রমের মতো ভয়াবহ সামাজিক ব্যাধি। বাংলাদেশেও এর ব্যতিক্রম নয়। এতে জীবনের ভালো মন্দ কোনো কিছু বুঝে ওঠার আগেই শিশুরা জড়িয়ে পড়ছে অর্থ উপার্জনের কাজে। বন্ধ হচ্ছে শিশুর পড়ালেখা, ব্যহত হচ্ছে সুস্থভাবে বেড়ে ওঠার স্বাভাবিক জীবন ব্যবস্থা।

শিশুশ্রম বন্ধে প্রতিবছরের মতো এবারও সারা বিশ্বে আন্তর্জাতিক শ্রম সংস্থা (আইএলও), ইউনিসেফসহ বিভিন্ন আন্তর্জাতিক ও দেশীয় বেসরকারি উন্নয়ন সংস্থা পালন করছে বিশ্ব শিশুশ্রম প্রতিরোধ দিবস। এবারের প্রতিপাদ্য ‘শিশুর শিক্ষা ও সুরক্ষা নিশ্চিত করি, শিশুশ্রম বন্ধ করি’।

দেশের বিভিন্ন শিশু বিষয়ক সংগঠন শিশুশ্রম প্রতিরোধ দিবস উপলক্ষে হাতে নিয়েছে নানা পদক্ষেপ। তবে এত কিছুর পরেও কি কমানো যাচ্ছে শিশুশ্রম? যে বয়সে শিশুর হাতে থাকার কথা বই আর কলম, সে বয়সে শিশুটি নিজের অথবা পরিবারের আহার জোগানোর জন্য কায়িক শ্রমের এই পথে নামতে বাধ্য হচ্ছে।

কেরানীগঞ্জের ইট ভাটায় কাজ করা এক শ্রমিক জানান, এখানকার ইটভাটাগুলোতে প্রচুর শিশুশ্রমিক কাজ করে। এদের কেউ কোনদিন স্কুলে যায়নি। ৪ থেকে ৫ বছর বয়স থেকেই মূলত ভাটার শিশুদের জীবনে কাজ শুরু হয়। এটা বছরের পর বছর ধরে চলে আসছে।

আর রাজধানীর গুলিস্তানের একটি লেগুনার চালক ইদ্রিস আলী বলেন, 'লেগুনাগুলোতে প্রচুর শিশু হেলপার হিসেবে কাজ করে। এদের বেশিরভাগের বয়সই নিতান্ত কম। কাজ না করলে খাইতে পাবে না, তাই লেগুনায় হেলপার হিসেবে কাজ করে। এই কাজে ঝুঁকি আছে; তাও কাজে নিতে হয়।'

এছাড়া সদরঘাট থেকে চলাচল করা বিভিন্ন বাসেও হেলপারের কাজ করতে দেখা যায় শিশুদের। এমনকি সদরঘাট থেকে গুলিস্তান পর্যন্ত চলাচল করা বেশিরভাগ ঘোড়ার গাড়ির চালকই ১৮ বছরের নিচে। আর বিভিন্ন কলকারখানায়ও হরহামেশাই কাজ করতে দেখা যায় বিভিন্ন বয়সের শিশুদের।

এ বিষয়ে ঢাকা বিশ্ববিদ্যালয়ের সমাজকল্যাণ ও গবেষণা ইনস্টিটিউটের শিক্ষক এবং অপরাধ বিশেষজ্ঞ ড. তৌহিদুল হক বলেন, সারা বিশ্বে কমবেশি শিশুশ্রম রয়েছে। পরিবারের আর্থিক অনটনসহ নানা অনিশ্চিয়তার কারণে দেশে এখন শিশুরা বেশি ঝুঁকে পড়ছে শ্রমের দিকে। মূলত এসব শিশু বাসের হেলপার, গাড়ি মেরামত, কলকারখানার শ্রমিক হিসেবে কাজ করছে।

বিশ্ব শিশুশ্রম প্রতিরোধ দিবস প্রসঙ্গে তিনি বলেন, প্রতিবছরই বিভিন্ন প্রতিপাদ্যকে সামনে রেখে শিশুশ্রম প্রতিরোধ দিবস পালন করা হয়। তবে এতে খুব একটা লাভ হয় না। কারণ আমাদের দেশের প্রেক্ষাপটে শিশুরা ঝুঁকিপূর্ণ কাজ থেকে শুরু করে নানা ধরনের কাজে কেন জড়িয়ে পড়ছে সেটি খুঁজে বের করতে হবে। এর কারণ খুঁজে বের করে সমাধান করা না গেলে শুধু দিবস পালন করে এর সমাধান করা যাবে না।

কেন্দ্রীয় খেলাঘর আসরের কার্যনির্বাহী সদস্য তাহাজুল ইসলাম ফয়সাল বলেন, শিশুশ্রম প্রতিরোধ দিবসের মূল উদ্দেশ্য হচ্ছে শিশুর সামগ্রিক অধিকার বাস্তবায়ন ও শিশুশ্রম থেকে শিশুদের মুক্ত রাখা। অতএব দিবসটি খুব গুরুত্বপূর্ণ শিশুদের নিরাপদ শৈশব নিশ্চিত করার লক্ষ্যে। দিবসকে কেন্দ্র করে দেশের শিশুদের সামগ্রিক একটি চিত্র ফুটে ওঠে যার ফলে এখানে কি কি ঘাটতি আছে সেটা প্রকাশ পায় এবং কি কি করণীয় সেটাও ভাববার সুযোগ তৈরি হয়। এক্ষেত্রে রাষ্ট্রীয়ভাবে, আন্তর্জাতিক সংস্থা ও স্থানীয় সংগঠনগুলো নানান কর্মসূচি গ্রহণ করে সচেতনতা বাড়ায়।

শিশুশ্রম বন্ধের বিষয়ে তিনি আরও বলেন, শিশুশ্রম বন্ধ করতে হলে প্রথমেই শ্রমিক শিশুটির পরিবারের দিকে তাকাতে হয়। আর্থিক সংকট থাকলে ওই অভিভাবকের কর্মসংস্থানের ব্যবস্থা করা যেমন জরুরি; ঠিক তেমনি সেই অভিভাবককে সচেতন করাও জরুরি।

দেশের শিল্প কারখানায় শিশুশ্রমিক এখন তুলনামূলক কম হলেও পুরোপুরি শিশুশ্রম বন্ধ হয়নি বলেও জানান ফয়সাল। তিনি বলেন, এই শিশুদের কাজ থেকে ফিরিয়ে শিক্ষা প্রতিষ্ঠানে পাঠাতে হলে শিশুটি যে আয় করতো সেটি বন্ধ হয় ও লেখাপড়া করতে তার আবার খরচ বহন করতে হয়। এই আয় ও খরচ এই দুটোকে যদি রাষ্ট্রীয়ভাবে সমন্বয় করা যায় তাহলে বিশাল অংশ শিশুশ্রম থেকে সরে আসবে।

এ ছাড়া যেসব ব্যক্তি ও প্রতিষ্ঠান ঝুঁকিপূর্ণ কাজে শিশুদের নিয়োগ দেয় তাদের বিরুদ্ধে আইনগত ব্যবস্থা গ্রহণ এবং তদারকি প্রয়োজন জানিয়ে তাহাজুল ইসলাম ফয়সাল বলেন, দেশে শিশুদের জন্য ভিন্ন একটি মন্ত্রণালয় প্রয়োজন; যেটি শুধুমাত্র শিশু মন্ত্রণালয় হিসেবে কাজ করবে।

এদিকে শিশুশ্রম প্রতিরোধ দিবস উপলক্ষে দেয়া এক বাণীতে রাষ্ট্রপতি মো. সাহাবুদ্দিন বলেন, শিশুরাই জাতির ভবিষ্যৎ। উন্নত ও সমৃদ্ধ বাংলাদেশ গড়তে হলে শিশুর সার্বিক কল্যাণ নিশ্চিত করে তাদের সুযোগ্য নাগরিক হিসেবে গড়ে তোলার বিকল্প নেই। শিশুশ্রম একটি বৈশ্বিক সমস্যা। সরকারের লক্ষ্য এসডিজি বাস্তবায়নের মাধ্যমে ২০২৫ সালের মধ্যে দেশকে সব ধরনের শিশুশ্রম

হতে মুক্ত করা। শিশুশ্রম নির্মূল করে বাধ্যতামূলক শিক্ষা প্রদানের মাধ্যমে শিশুর যথাযথ বিকাশ নিশ্চিত করতে হবে। শিশুদের সার্বিক বিকাশ নিশ্চিত করার লক্ষ্যে যথাযথ কর্মসূচি গ্রহণ করতে হবে।

আলাদা বাণীতে প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেন, দেশের ভবিষ্যৎ প্রজন্ম তথা শিশুদের শিক্ষা, নিরাপত্তা ও সুস্বাস্থ্য নিশ্চিত করতে সরকার বদ্ধপরিকর। শিশুদের জন্য নিরাপত্তা, খাদ্য ও পুষ্টি, আশ্রয় ও সুরক্ষা এবং শিক্ষা ও স্বাস্থ্যের মতো মৌলিক বিষয় সম্পর্কিত নানাবিধ কর্মসূচিসহ শিশুশ্রম বন্ধ করার লক্ষ্যে সামাজিক নিরাপত্তা বেষ্টনীর আওতায় টেকসই উন্নয়ন নীতি বাস্তবায়ন করা হচ্ছে। শিশুশ্রম-নিরসনে শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় বিভাগীয়, জেলা ও উপজেলা কমিটিগুলোর সক্ষমতা বৃদ্ধিতে কাজ করছে।

Published Copy:

News Link: https://www.somoynews.tv/news/2023-06-12/XPSFSFK8

সময়

নিউজ খুঁজুন

সর্বশেষ সময় | ফুটবল | ক্রিকেট | ডেঙ্গু | ভিডিও সময়

বাংলাদেশ | রাজনীতি | আন্তর্জাতিক | খেলা | বিনোদন

সময় স্পেশাল

২২ টা ৫০ মিনিট, ১২ জুন ২০২৩

দিবস পালনে কি আদৌ বন্ধ হবে শিশুশ্রম?

দশ বছরের ছোট্ট বিকাশ। যে বয়সে বিকাশের মেধা বিকাশ হওয়ার কথা সে বয়সে কাজ করছে ইটের ভাটায়। সকাল থেকে সন্ধ্যা পর্যন্ত ছোটাছুটি করছে ইটের বোঝা মাথায় নিয়ে। শুধু বিকাশই নয়; তার মতো আরও কয়েক লাখ শিশু কাজ করছে দেশের বিভিন্ন ইট ভাটাসহ নানান পেশায়।

জীবিকার তাগিদে ইটের ভাটায় কাজ করেছে একটি শিশু। ছবি: সময় সংবাদ

বিশ্বজিৎ দাস বিজয়

৪ মিনিটে পড়ুন

Will Child Labor End Through Child Labor Day Celebrations? Picture 5.1

সময়

নিউজ খুঁজুন

সর্বশেষ সময় | ফুটবল | ক্রিকেট | ডেঙ্গু | ভিডিও সময়

বাংলাদেশ | রাজনীতি | আন্তর্জাতিক | খেলা | বিনোদন

বিশ্বজুড়ে ক্ষুধা, দারিদ্র্যের প্রভাবে প্রতিনিয়ত বাড়ছে শিশুশ্রমের মতো ভয়াবহ সামাজিক ব্যাধি। বাংলাদেশেও এর ব্যতিক্রম নয়। এতে জীবনের ভালো মন্দ কোনো কিছু বুঝে ওঠার আগেই শিশুরা জড়িয়ে পড়ছে অর্থ উপার্জনের কাজে। বন্ধ হচ্ছে শিশুর পড়ালেখা, ব্যাহত হচ্ছে সুস্থভাবে বেড়ে ওঠার স্বাভাবিক জীবন ব্যবস্থা।

শিশুশ্রম বন্ধে প্রতিবছরের মতো এবারও সারা বিশ্বে আন্তর্জাতিক শ্রম সংস্থা (আইএলও), ইউনিসেফসহ বিভিন্ন আন্তর্জাতিক ও দেশীয় বেসরকারি উন্নয়ন সংস্থা পালন করছে বিশ্ব শিশুশ্রম প্রতিরোধ দিবস। এবারের প্রতিপাদ্য 'শিশুর শিক্ষা ও সুরক্ষা নিশ্চিত করি, শিশুশ্রম বন্ধ করি'।

আরও পড়ুন: শিশুশ্রম বন্ধে করণীয়

দেশের বিভিন্ন শিশু বিষয়ক সংগঠন শিশুশ্রম প্রতিরোধ দিবস উপলক্ষে হাতে নিয়েছে নানা পদক্ষেপ। তবে এত কিছুর পরেও কি কমানো যাচ্ছে শিশুশ্রম? যে বয়সে শিশুর হাতে থাকার কথা বই আর কলম, সে বয়সে শিশুটি নিজের অথবা পরিবারের আহার জোগানোর জন্য কায়িক শ্রমের এই পথে নামতে বাধ্য হচ্ছে।

কেরানীগঞ্জের ইট ভাটায় কাজ করা এক শ্রমিক জানান, এখানকার ইটভাটাগুলোতে প্রচুর শিশুশ্রমিক কাজ করে। এদের কেউ কোনদিন স্কুলে যায়নি। ৪ থেকে ৫ বছর বয়স থেকেই মূলত ভাটার শিশুদের জীবনে কাজ শুরু হয়। এটা বছরের পর বছর ধরে চলে আসছে।

আর রাজধানীর গুলিস্তানের একটি লেগুনার চালক ইদ্রিস আলী বলেন, 'লেগুনাগুলোতে প্রচুর শিশু হেলপার হিসেবে কাজ করে। এদের বেশিরভাগের বয়সই নিতান্ত কম। কাজ না করলে খাইতে পাবে না, তাই লেগুনায় হেলপার হিসেবে কাজ করে। এই কাজে ঝুঁকি আছে; তাও কাজে নিতে হয়।'

এছাড়া সদরঘাট থেকে চলাচল করা বিভিন্ন বাসেও হেলপারের কাজ করতে দেখা যায় শিশুদের। এমনকি সদরঘাট থেকে গুলিস্তান পর্যন্ত চলাচল করা বেশিরভাগ ঘোড়ার গাড়ির চালকই ১৮ বছরের নিচে। আর বিভিন্ন কলকারখানায়ও হরহামেশাই কাজ করতে দেখা যায় বিভিন্ন বয়সের শিশুদের।

Will Child Labor End Through Child Labor Day Celebrations? Picture 5.2

সময়

নিউজ খুঁজুন

সর্বশেষ সময় | ফুটবল | ক্রিকেট | ডেঙ্গু | ভিডিও সময়

বাংলাদেশ | রাজনীতি | আন্তর্জাতিক | খেলা | বিনোদন

এ বিষয়ে ঢাকা বিশ্ববিদ্যালয়ের সমাজকল্যাণ ও গবেষণা ইনস্টিটিউটের শিক্ষক এবং অপরাধ বিশেষজ্ঞ ড. তৌহিদুল হক বলেন, সারা বিশ্বে কমবেশি শিশুশ্রম রয়েছে। পরিবারের আর্থিক অনটনসহ নানা অনিশ্চিয়তার কারণে দেশে এখন শিশুরা বেশি ঝুঁকে পড়ছে শ্রমের দিকে। মূলত এসব শিশু বাসের হেলপার, গাড়ি মেরামত, কলকারখানার শ্রমিক হিসেবে কাজ করছে।

আরও পড়ুন: শিশুশ্রম প্রতিরোধে সকলকে কার্যকর ভূমিকা পালনের আহ্বান প্রধানমন্ত্রীর

বিশ্ব শিশুশ্রম প্রতিরোধ দিবস প্রসঙ্গে তিনি বলেন, প্রতিবছরই বিভিন্ন প্রতিপাদ্যকে সামনে রেখে শিশুশ্রম প্রতিরোধ দিবস পালন করা হয়। তবে এতে খুব একটা লাভ হয় না। কারণ আমাদের দেশের প্রেক্ষাপটে শিশুরা ঝুঁকিপূর্ণ কাজ থেকে শুরু করে নানা ধরনের কাজে কেন জড়িয়ে পড়ছে সেটি খুঁজে বের করতে হবে। এর কারণ খুঁজে বের করে সমাধান করা না গেলে শুধু দিবস পালন করে এর সমাধান করা যাবে না।

কেন্দ্রীয় খেলাঘর আসরের কার্যনির্বাহী সদস্য তাহাজুল ইসলাম ফয়সাল বলেন, শিশুশ্রম প্রতিরোধ দিবসের মূল উদ্দেশ্য হচ্ছে শিশুর সামগ্রিক অধিকার বাস্তবায়ন ও শিশুশ্রম থেকে শিশুদের মুক্ত রাখা। অতএব দিবসটি খুব গুরুত্বপূর্ণ শিশুদের নিরাপদ শৈশব নিশ্চিত করার লক্ষ্যে। দিবসকে কেন্দ্র করে দেশের শিশুদের সামগ্রিক একটি চিত্র ফুটে ওঠে যার ফলে এখানে কি কি ঘাটতি আছে সেটা প্রকাশ পায় এবং কি কি করণীয় সেটাও ভাববার সুযোগ তৈরি হয়। এক্ষেত্রে রাষ্ট্রীয়ভাবে, আন্তর্জাতিক সংস্থা ও স্থানীয় সংগঠনগুলো নানান কর্মসূচি গ্রহণ করে সচেতনতা বাড়ায়।

শিশুশ্রম বন্ধের বিষয়ে তিনি আরও বলেন, শিশুশ্রম বন্ধ করতে হলে প্রথমেই শ্রমিক শিশুটির পরিবারের দিকে তাকাতে হয়। আর্থিক সংকট থাকলে ওই অভিভাবকের কর্মসংস্থানের ব্যবস্থা করা যেমন জরুরি; ঠিক তেমনি সেই অভিভাবককে সচেতন করাও জরুরি।

দেশের শিল্প কারখানায় শিশুশ্রমিক এখন তুলনামূলক কম হলেও পুরোপুরি শিশুশ্রম বন্ধ হয়নি বলেও জানান ফয়সাল। তিনি বলেন, এই শিশুদের কাজ থেকে ফিরিয়ে শিক্ষা প্রতিষ্ঠানে পাঠাতে হলে শিশুটি যে আয় করতো সেটি বন্ধ হয় ও লেখাপড়া করতে তার আবার খরচ বহন করতে হয়। এই আয় ও খরচ এই দুটোকে যদি রাষ্ট্রীয়ভাবে সমন্বয় করা যায় তাহলে বিশাল অংশ শিশুশ্রম থেকে সরে আসবে।

Will Child Labor End Through Child Labor Day Celebrations? Picture 5.3



সময়

নিউজ খুঁজুন

সর্বশেষ সময় | ফুটবল | ক্রিকেট | ডেঙ্গু | ভিডিও সময়

বাংলাদেশ | রাজনীতি | আন্তর্জাতিক | খেলা | বিনোদন

এ ছাড়া যেসব ব্যক্তি ও প্রতিষ্ঠান ঝুঁকিপূর্ণ কাজে শিশুদের নিয়োগ দেয় তাদের বিরুদ্ধে আইনগত ব্যবস্থা গ্রহণ এবং তদারকি প্রয়োজন জানিয়ে তাহাজুল ইসলাম ফয়সাল বলেন, দেশে শিশুদের জন্য ভিন্ন একটি মন্ত্রণালয় প্রয়োজন; যেটি শুধুমাত্র শিশু মন্ত্রণালয় হিসেবে কাজ করবে।

আরও পড়ুন: আশঙ্কাজনক হারে বাড়ছে শিশু শ্রমিক

এদিকে শিশুশ্রম প্রতিরোধ দিবস উপলক্ষে দেয়া এক বাণীতে রাষ্ট্রপতি মো. সাহাবুদ্দিন বলেন, শিশুরাই জাতির ভবিষ্যৎ। উন্নত ও সমৃদ্ধ বাংলাদেশ গড়তে হলে শিশুর সার্বিক কল্যাণ নিশ্চিত করে তাদের সুযোগ্য নাগরিক হিসেবে গড়ে তোলার বিকল্প নেই। শিশুশ্রম একটি বৈশ্বিক সমস্যা। সরকারের লক্ষ্য এসডিজি বাস্তবায়নের মাধ্যমে ২০২৫ সালের মধ্যে দেশকে সব ধরনের শিশুশ্রম হতে মুক্ত করা। শিশুশ্রম নির্মূল করে বাধ্যতামূলক শিক্ষা প্রদানের মাধ্যমে শিশুর যথাযথ বিকাশ নিশ্চিত করতে হবে। শিশুদের সার্বিক বিকাশ নিশ্চিত করার লক্ষ্যে যথাযথ কর্মসূচি গ্রহণ করতে হবে।

আলাদা বাণীতে প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেন, দেশের ভবিষ্যৎ প্রজন্ম তথা শিশুদের শিক্ষা, নিরাপত্তা ও সুস্বাস্থ্য নিশ্চিত করতে সরকার বদ্ধপরিকর। শিশুদের জন্য নিরাপত্তা, খাদ্য ও পুষ্টি, আশ্রয় ও সুরক্ষা এবং শিক্ষা ও স্বাস্থ্যের মতো মৌলিক বিষয় সম্পর্কিত নানাবিধ কর্মসূচিসহ শিশুশ্রম বন্ধ করার লক্ষ্যে সামাজিক নিরাপত্তা বেষ্টনীর আওতায় টেকসই উন্নয়ন নীতি বাস্তবায়ন করা হচ্ছে। শিশুশ্রম-নিরসনে শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় বিভাগীয়, জেলা ও উপজেলা কমিটিগুলোর সক্ষমতা বৃদ্ধিতে কাজ করছে।

শিশুশ্রম | আইএলও | সময় নিউজ | বিশ্ব শিশুশ্রম প্রতিরোধ দিবস

Will Child Labor End Through Child Labor Day Celebrations? Picture 5.4

My Mistakes:

Before Editing	After Editing
দশ বছরের ছোট্ট বিকাশ। যে বয়সে বিকাশের মেধা বিকাশ হওয়ার কথা সে বয়সে কাজ করছে ইটের ভাটায়। সকাল থেকে সন্ধ্যা পর্যন্ত ছোটাছুটি করছে ইটের বোঝা মাথায় নিয়ে। শুধু বিকাশই নয়; বিকাশের মতো আরও কয়েক লাখ শিশু কাজ করছে দেশের বিভিন্ন ইট ভাটাসহ নানান কাজে।	দশ বছরের ছোট্ট বিকাশ। যে বয়সে বিকাশের মেধা বিকাশ হওয়ার কথা সে বয়সে কাজ করছে ইটের ভাটায়। সকাল থেকে সন্ধ্যা পর্যন্ত ছোটাছুটি করছে ইটের বোঝা মাথায় নিয়ে। শুধু বিকাশই নয়; তার মতো আরও কয়েক লাখ শিশু কাজ করছে দেশের বিভিন্ন ইট ভাটাসহ নানান পেশায়।
বিশ্বজুড়ে ক্ষুধা, দারিদ্র্যের প্রভাবে প্রতিনিয়ত বাড়ছে শিশুশ্রমের মতো ভয়াবহ সামাজিক ব্যাধি। এতে জীবনের ভালো মন্দ কোনো কিছু বুঝে ওঠার আগেই শিশুরা জড়িয়ে পড়ছে অর্থ উপার্জনের কাজে। বন্ধ হচ্ছে শিশুর পড়ালেখা, ব্যহত হচ্ছে সুস্থভাবে বেড়ে ওঠার স্বাভাবিক জীবন ব্যবস্থা।	বিশ্বজুড়ে ক্ষুধা, দারিদ্র্যের প্রভাবে প্রতিনিয়ত বাড়ছে শিশুশ্রমের মতো ভয়াবহ সামাজিক ব্যাধি। বাংলাদেশেও এর ব্যতিক্রম নয়। এতে জীবনের ভালো মন্দ কোনো কিছু বুঝে ওঠার আগেই শিশুরা জড়িয়ে পড়ছে অর্থ উপার্জনের কাজে। বন্ধ হচ্ছে শিশুর পড়ালেখা, ব্যহত হচ্ছে সুস্থভাবে বেড়ে ওঠার স্বাভাবিক জীবন ব্যবস্থা।
দেশের বিভিন্ন শিশু বিষয়ক সংগঠন শিশুশ্রম প্রতিরোধ দিবস উপলক্ষে হাতে নিয়েছে নানা পদক্ষেপ। তবে এত কিছুর পরেও কি কমছে শিশুশ্রম? যে বয়সে শিশুর হাতে থাকার কথা বই আর কলম, সে বয়সে শিশুটি নিজের অথবা পরিবারের আহার জোগানোর জন্য কায়িক শ্রমের এই পথে নামতে বাধ্য হচ্ছে।	দেশের বিভিন্ন শিশু বিষয়ক সংগঠন শিশুশ্রম প্রতিরোধ দিবস উপলক্ষে হাতে নিয়েছে নানা পদক্ষেপ। তবে এত কিছুর পরেও কি কমানো যাচ্ছে শিশুশ্রম? যে বয়সে শিশুর হাতে থাকার কথা বই আর কলম, সে বয়সে শিশুটি নিজের অথবা পরিবারের আহার জোগানোর জন্য কায়িক শ্রমের এই পথে নামতে বাধ্য হচ্ছে।
শিশুশ্রম বন্ধের বিষয়ে ফয়সাল আরও বলেন, শিশুশ্রম বন্ধ করতে হলে প্রথমেই শ্রমিক	শিশুশ্রম বন্ধের বিষয়ে তিনি আরও বলেন, শিশুশ্রম বন্ধ করতে হলে প্রথমেই শ্রমিক

শিশুটির পরিবারের দিকে তাকাতে হবে। আর্থিক সংকট থাকলে অভিভাবকের যেমন কর্মসংস্থানের ব্যবস্থা করা জরুরি; ঠিক তেমনি অভিভাবককে সচেতনও করতে হবে।	শিশুটির পরিবারের দিকে তাকাতে হয়। আর্থিক সংকট থাকলে ওই অভিভাবকের কর্মসংস্থানের ব্যবস্থা করা যেমন জরুরি; ঠিক তেমনি সেই অভিভাবককে সচেতন করাও জরুরি।

My Learnings:

- Need to write short and simple sentences.
- Learned to use appropriate words.
- Use Appropriate picture
- Use more SOT

Project -6

Project Type: Launch Fire

Project Title: সদরঘাটে লঞ্চে আগুন, নিয়ন্ত্রণে কাজ করছে ১৩ ইউনিট (Launch Fire at Sadarghat: 13 Units Working to Bring the Situation Under Control)

Project Description:

When a fire broke out in a launch named Mayur-7 at Lalkuti Ghat in Sadarghat, 12 units of fire service worked to control the fire. The fire was brought under control after more than 1 hour of efforts.

My Responsibility:

My Sift In-charge directed me to cover the news. I covered the news by going to the spot on the ground. When I wrote news from the spot and sent it to the newsroom, a sub-editor in charge published the news.

Raw Copy:

সদরঘাটে লঞ্চে আগুন, নিয়ন্ত্রণে ফায়ার সার্ভিসের ১৩ ইউনিট

রাজধানীর সদরঘাটের লালকুঠি ঘাটে একটি লঞ্চে আগুন লেগেছে। ঢাকা-চাঁদপুর-ঢাকা রুটে চলাচলকারী ময়ূর-৭ নামের ওই লঞ্চটি ঘাটে বাঁধা অবস্থায় ছিল। এ সময় ভেতরে কেউ ছিল না। আগুন নিয়ন্ত্রণে কাজ করছে ফায়ার সার্ভিসের ১৩ ইউনিট।

শুক্রবার (৩০ জুন) সকাল ১১টার দিকে লঞ্চটির তৃতীয় তলায় আগুন লাগার ঘটনা ঘটে।

খবর পেয়ে প্রথমে ফায়ার সার্ভিসের একটি ইউনিট ঘটনাস্থলে পৌঁছে। পরে ধীরে ধীরে বাড়িয়ে বর্তমানে ১৩টি ইউনিট আগুন নিয়ন্ত্রণের চেষ্টা করছে।

সদরঘাট নৌ পুলিশ থানার সহকারী উপ-পরিদর্শক ধনঞ্জয় জানান, বেলা ১১টার দিকে আগুন লাগে ময়ূর-৭ নামের লঞ্চটিতে। তবে কোনো হতাহতের ঘটনা নেই। আগুন নেভাতে কাজ করছে ফায়ার সার্ভিস।

মিরাজ নামে লঞ্চের এক স্টাফ বলেন, কেবিনের একটি এসি থেকে আগুন লেগেছে।

আর সার্ভিসের কর্মীরা জানান, উৎসুক জনতার ভিড়ে আগুন নেভানোর কাজে বেগ পেতে হচ্ছে।

Edited Copy:

সদরঘাটে লঞ্চে আগুন, নিয়ন্ত্রণে কাজ করছে ১৩ ইউনিট

রাজধানীর সদরঘাটের লালকুঠি ঘাটে একটি লঞ্চে আগুন লেগেছে। ঢাকা-চাঁদপুর-ঢাকা রুটে চলাচলকারী ময়ূর-৭ নামের ওই লঞ্চটি ঘাটে বাঁধা অবস্থায় ছিল। এ সময় ভেতরে কেউ ছিল না। এ আগুন নিয়ন্ত্রণে কাজ করছে ফায়ার সার্ভিসের ১৩টি ইউনিট।

শুক্রবার (৩০ জুন) সকাল ১১টার দিকে লঞ্চের তৃতীয় তলা থেকে ধোঁয়া বের হতে দেখেন স্থানীয়রা। পরে দেখা যায় লঞ্চটিতে আগুন ধরে গেছে।

খবর পেয়ে প্রথমে ফায়ার সার্ভিসের একটি ইউনিট ঘটনাস্থলে পৌঁছে। পরে ধীরে ধীরে বাড়িয়ে বর্তমানে ১৩টি ইউনিট আগুন নিয়ন্ত্রণের চেষ্টা করছে।

সদরঘাট নৌ পুলিশ থানার সহকারী উপ-পরিদর্শক ধনঞ্জয় জানান, বেলা ১১টার দিকে আগুন লাগে ময়ূর-৭ নামের লঞ্চটিতে। তবে কোনো হতাহতের ঘটনা নেই। আগুন নেভাতে কাজ করছে ফায়ার সার্ভিস।

মিরাজ নামে লঞ্চের এক স্টাফ জানান, ধারণা করা হচ্ছে কেবিনের একটি এসি থেকে আগুনের সূত্রপাত হয়েছে।

এদিকে, উৎসুক জনতার ভিড়ে আগুন নেভানোর কাজে বেগ পেতে হচ্ছে বলে জানান ফায়ার সার্ভিসের কর্মীরা।

Published Copy:

News Link: https://www.somoynews.tv/news/2023-06-30/GECJT9O7

সময়

নিউজ খুঁজুন

সর্বশেষ সময় | ফুটবল | ক্রিকেট | ডেঙ্গু | ভিডিও সময়

বাংলাদেশ | রাজনীতি | আন্তর্জাতিক | খেলা | বিনোদন

বাংলাদেশ

১১ টা ২৯ মিনিট, ৩০ জুন ২০২৩

সদরঘাটে লঞ্চে আগুন, নিয়ন্ত্রণে কাজ করছে ১৩ ইউনিট

রাজধানীর সদরঘাটের লালকুঠি ঘাটে একটি লঞ্চে আগুন লেগেছে। ঢাকা-চাঁদপুর-ঢাকা রুটে চলাচলকারী ময়ূর-৭ নামের ওই লঞ্চটি ঘাটে বাঁধা অবস্থায় ছিল। এ সময় ভেতরে কেউ ছিল না। এ আগুন নিয়ন্ত্রণে কাজ করছে ফায়ার সার্ভিসের ১৩টি ইউনিট।

রাজধানীর সদরঘাটে ময়ূর-৭ লঞ্চে লাগা আগুন নিয়ন্ত্রণের চেষ্টা করছেন ফায়ার সার্ভিসের কর্মীরা। ছবি: বিশ্বজিৎ দাস বিজয়

বিশ্বজিৎ দাস বিজয়

১ মিনিটে পড়ুন

Launch Fire at Sadarghat: 13 Units Working to Bring the Situation Under Control. Picture 6.1



সময়

নিউজ খুঁজুন

সর্বশেষ সময় | ফুটবল | ক্রিকেট | ডেঙ্গু | ভিডিও সময়

বাংলাদেশ | রাজনীতি | আন্তর্জাতিক | খেলা | বিনোদন

বিশ্বজিৎ দাস বিজয়

১ মিনিটে পড়ুন

বিজ্ঞাপন

নগদে রিচার্জ উৎসব

নগদ

শুক্রবার (৩০ জুন) সকাল ১১টার দিকে লঞ্চের তৃতীয় তলা থেকে ধোঁয়া বের হতে দেখেন স্থানীয়রা। পরে দেখা যায় লঞ্চটিতে আগুন ধরে গেছে।

বিজ্ঞাপন

Fresh

Instant NOODLES

খবর পেয়ে প্রথমে ফায়ার সার্ভিসের একটি ইউনিট ঘটনাস্থলে পৌঁছে। পরে ধীরে ধীরে বাড়িয়ে বর্তমানে ১৩টি ইউনিট আগুন নিয়ন্ত্রণের চেষ্টা করছে।

আরও পড়ুন: ঈদের রাতে সড়কে প্রাণ গেল জান্নাতের

সদরঘাট নৌ পুলিশ থানার সহকারী উপ-পরিদর্শক ধনঞ্জয় জানান, বেলা ১১টার দিকে আগুন লাগে ময়ূর-৭ নামের লঞ্চটিতে। তবে কোনো হতাহতের ঘটনা নেই। আগুন নেভাতে কাজ করছে ফায়ার সার্ভিস।

Launch Fire at Sadarghat: 13 Units Working to Bring the Situation Under Control. Picture 6.2

নিউজ খুঁজুন

সর্বশেষ সময় | ফুটবল | ক্রিকেট | ডেঙ্গু | ভিডিও সময়

বাংলাদেশ | রাজনীতি | আন্তর্জাতিক | খেলা | বিনোদন

মযূর-৭ লঞ্চটির তৃতীয় তলায় ধোঁয়া বের হতে দেখা যাচ্ছে। ছবি: বিশ্বজিৎ দাস বিজয়

মিরাজ নামে লঞ্চের এক স্টাফ জানান, ধারণা করা হচ্ছে কেবিনের একটি এসি থেকে আগুনের সূত্রপাত হয়েছে।

এদিকে, উৎসুক জনতার ভিড়ে আগুন নেভানোর কাজে বেগ পেতে হচ্ছে বলে জানান ফায়ার সার্ভিসের কর্মীরা।

আগুন | লঞ্চে অগ্নিকান্ড | সদরঘাট | আগুন জ্বলছে

Launch Fire at Sadarghat: 13 Units Working to Bring the Situation Under Control. Picture 6.3

My Mistakes:

Before Editing	After Editing
শিরোনাম: সদরঘাটে লঞ্চে আগুন, নিয়ন্ত্রণে ফায়ার সার্ভিসের ১৩ ইউনিট	**শিরোনাম:** সদরঘাটে লঞ্চে আগুন, নিয়ন্ত্রণে কাজ করছে ১৩ ইউনিট
রাজধানীর সদরঘাটের লালকুঠি ঘাটে একটি লঞ্চে আগুন লেগেছে। ঢাকা-চাঁদপুর-ঢাকা রুটে চলাচলকারী ময়ূর-৭ নামের ওই লঞ্চটি ঘাটে বাঁধা অবস্থায় ছিল। এ সময় ভেতরে কেউ ছিল না। আগুন নিয়ন্ত্রণে কাজ করছে ফায়ার সার্ভিসের ১৩ ইউনিট।	রাজধানীর সদরঘাটের লালকুঠি ঘাটে একটি লঞ্চে আগুন লেগেছে। ঢাকা-চাঁদপুর-ঢাকা রুটে চলাচলকারী ময়ূর-৭ নামের ওই লঞ্চটি ঘাটে বাঁধা অবস্থায় ছিল। এ সময় ভেতরে কেউ ছিল না। এ আগুন নিয়ন্ত্রণে কাজ করছে ফায়ার সার্ভিসের ১৩টি ইউনিট।
শুক্রবার (৩০ জুন) সকাল ১১টার দিকে লঞ্চটির তৃতীয় তলায় আগুন লাগার ঘটনা ঘটে।	শুক্রবার (৩০ জুন) সকাল ১১টার দিকে লঞ্চের তৃতীয় তলা থেকে ধোঁয়া বের হতে দেখেন স্থানীয়রা। পরে দেখা যায় লঞ্চটিতে আগুন ধরে গেছে।
মিরাজ নামে লঞ্চের এক স্টাফ বলেন, কেবিনের একটি এসি থেকে আগুন লেগেছে।	মিরাজ নামে লঞ্চের এক স্টাফ জানান, ধারণা করা হচ্ছে কেবিনের একটি এসি থেকে আগুনের সূত্রপাত হয়েছে।
আর সার্ভিসের কর্মীরা জানান, উৎসুক জনতার ভিড়ে আগুন নেভানোর কাজে বেগ পেতে হচ্ছে।	এদিকে, উৎসুক জনতার ভিড়ে আগুন নেভানোর কাজে বেগ পেতে হচ্ছে বলে জানান ফায়ার সার্ভিসের কর্মীরা।

My Learnings:

- Use short and simple sentences.
- Try to send an update as soon as possible
- Don't take risk

Project -7

Project Type: Rice Market

Project Title: চাল রফতানিতে নিষেধাজ্ঞার হিড়িক, কতটা প্রভাব পড়বে বাংলাদেশে? (Effects of Rice Export Ban: What Will Be the Impact on Bangladesh?)

Project Description:

Several countries of the world, including India, and Russia, have banned the export of rice Due to this, the price of rice has started to increase in the world market. This report has been prepared to find out whether it will have an impact on Bangladesh as well.

My Responsibility:

My Desk In-Charge directed me to cover the news. I covered the news by visiting the rice market. Since I am working as a sub-editor, I come to my desk write the news, and publish it on the website panel. Then the news editor makes the necessary corrections to the news and publishes it on the website.

Raw Copy:

দেশে দেশে চাল রফতানিতে নিষেধাজ্ঞার হিড়িক, প্রভাব পড়বে বাংলাদেশে?

ভারতের পর একে একে রাশিয়া ও সংযুক্ত আরব আমিরাতও চাল রফতানিতে নিষেধাজ্ঞা জারি করেছে। এতে বিশ্বের অনেক দেশেই সৃষ্টি হয়েছে অস্থিরতা। তবে বাংলাদেশে যদি সিন্ডিকেটের কারসাজি না হলে বাজারে তেমন কোনো প্রভাব পড়বে না বলে মনে করছেন ব্যবসায়ীরা।বিশ্বের সবচেয়ে বড় চাল রফতানিকারী দেশ ভারত। দেশটিতে এবার বন্যা ৪৫ বছরের রেকর্ড ভেঙেছে।

গত কয়েক সপ্তাহ ধরে ভারতের উত্তরাঞ্চলে ভারি বৃষ্টিপাতের কারণে পাঞ্জাব ও হরিয়ানাসহ কয়েকটি রাজ্যের নতুন রোপণ করা ফসল ক্ষতিগ্রস্ত হয়েছে। ফলে অনেক এলাকার কৃষককে পুনরায় ধান রোপণ করতে হয়েছে। এতে করে ক্ষতিগ্রস্ত হয়েছে কৃষি উৎপাদন। এছাড়া এল নিনোর প্রভাবে খরা ও অনাবৃষ্টির শঙ্কা রয়েছে। এ অবস্থায় উৎপাদন ঘাটতির আশঙ্কায় ও অভ্যন্তরীণ বাজারে দাম নিয়ন্ত্রণে ভারত সরকার বাসমতি নয়, এমন সাদা চাল রফতানি নিষিদ্ধ করেছে।

যদিও খাদ্য নিরাপত্তার চাহিদা মেটাতে বেশ কটি দেশে সরকারের দেয়া অনুমতির ভিত্তিতে এবং তাদের সরকারের অনুরোধের ভিত্তিতে রফতানির অনুমতি দেয়া হবে বলে জানিয়েছে ভারত সরকার। তবে এত কিছুর পরও ভারতের চাল রফতানিতে নিষেধাজ্ঞা এক রকমের চাপ সৃষ্টি করছে।

এদিকে ভারতের বাসমতি ছাড়া অন্যান্য সাদা চাল রফতানি নিষেধাজ্ঞা দেয়ার পর যুক্তরাষ্ট্রসহ যেসব দেশ ভারতের চালের ওপর নির্ভরশীল তাদের বাজারে সংকট তৈরি হয়েছে। দেশে দেশে চাল কেনা, মজুত ও দাম বাড়ানোর হিড়িক পড়েছে। বিশ্বের অনেক দেশে ভারত প্রধান চাল রফতানিকারক দেশ হওয়ায় বিশ্ববাজারে নাজুক অবস্থা তৈরি হচ্ছে।

যুক্তরাষ্ট্রে বসবাসকারী প্রধান খাদ্য হিসেবে চালনির্ভর প্রবাসীরা জানান, দোকানগুলোতে স্বাভাবিক চেয়ে তিনগুণ বেশি দামে চাল বিক্রি হচ্ছে। অনেক দোকানে চাল পাওয়াই যাচ্ছে না। পর্যাপ্ত চাল না পেয়ে ভোক্তারা সতর্কতামূলক ব্যবস্থা হিসেবে প্রিমিয়াম-গ্রেড বাসমতি চাল ক্রয় করে মজুত করছেন।

এরইমধ্যে চাল রফতানিতে নিষেধাজ্ঞা উঠিয়ে নিতে ভারতের প্রতি আহ্বান জানিয়েছে আন্তর্জাতিক মুদ্রা তহবিল (আইএমএফ)। সংস্থাটি বলছে, ভারতের এই সিদ্ধান্ত বিশ্ব খাদ্য মূল্যস্ফীতিতে প্রভাব ফেলবে।

এক সংবাদ সম্মেলনে আইএমএফের প্রধান অর্থনীতিবিদ পিয়েরে অলিভিয়ের বলেন,

বর্তমান পরিবেশে এ ধরনের নিষেধাজ্ঞা বিশ্বের বিভিন্ন দেশে খাদ্যের দামে অস্থিরতা বাড়িয়ে তুলতে পারে। ভারত যদি এখনই নিষেধাজ্ঞা তুলে না নেয়, তাহলে বিশ্ববাজারে বড় রকমের নেতিবাচক প্রভাব পড়বে।

২০২২-২৩ অর্থবছরে দেশটি ৪ দশমিক ২ মিলিয়ন ডলারের চাল (বাসমতি ছাড়া অন্য সব ধরনের সাদা চাল) রফতানি করেছে। আগের বছর এর পরিমাণ ছিল ২ দশমিক ৬২ মিলিয়ন ডলার। ভারতের চালের বড় ক্রেতা হচ্ছে মার্কিন যুক্তরাষ্ট্র, থাইল্যান্ড, ইতালি, স্পেন ও শ্রীলঙ্কা।

ভারত ছাড়াও চাল রফতানিতে নিষেধাজ্ঞা দিয়েছে রাশিয়া ও সংযুক্ত আরব আমিরাত (ইউএই)। ইউএই'র অর্থ মন্ত্রণালয়ের বরাত দিয়ে চীনা বার্তা সংস্থা সিনহুয়া বলছে, সংযুক্ত আরব আমিরাত চাল রফতানির ওপর চার মাসের নিষেধাজ্ঞা আরোপ করেছে। এ নিষেধাজ্ঞা বাদামি চাল, সম্পূর্ণ বা আংশিকভাবে মিশ্রিত চাল ও ভাঙা চালসহ সব ধানের জাতগুলোর ক্ষেত্রে প্রযোজ্য হবে।

এছাড়া চাল রফতানি করতে আগ্রহী হলে রফতানিকারক সংস্থাগুলোকে চাল রফতানির জন্য অর্থ মন্ত্রণালয় থেকে অনুমতির জন্য আবেদন করতে হবে। তবে নিষেধাজ্ঞা বাতিলের সিদ্ধান্ত না নেয়া পর্যন্ত, নিষেধাজ্ঞার মেয়াদ বাড়তে পারে।

এর বাইরে রাশিয়ার প্রেসিডেন্ট ভ্লাদিমির পুতিন সরকারের পক্ষ থেকে এক বিবৃতিতে বলা হয়, আভ্যন্তরীণ বাজার স্থিতিশীল রাখতে চাল রফতানি চলতি বছরের শেষ নাগাদ নিষিদ্ধ করা হয়েছে। ধান ও প্রক্রিয়াজাত চাল রফতানির ওপর নিষেধাজ্ঞা আরোপ করেছে সরকার। চলতি ২০২৩ সালের ৩১ ডিসেম্বর পর্যন্ত এই নিষেধাজ্ঞা বলবৎ থাকবে।

প্রতিবেদন মতে, উল্লিখিত সময়ের মধ্যে কয়েকটি দেশ বাদে বিশ্বের প্রায় সব দেশে চাল রফতানি বন্ধ থাকবে। সরকারের সিদ্ধান্ত অনুযায়ী, ইউরোশিয়ান ইকনোমিক ইউনিয়নভুক্ত দেশ আর্মেনিয়া, বেলারুশ, কাজাখস্তান ও কিরগিজস্তানের ক্ষেত্রে এই নিষেধাজ্ঞা প্রযোজ্য হবে না। কিন্তু মানবিক বা ত্রাণ সহায়তার জন্য বিদেশে চাল সরবরাহ করা যাবে বলে জানানো হয়েছে।

বাংলাদেশে কী সংকট সৃষ্টি হবে?

ভারতের চাল রফতানিতে নিষেধাজ্ঞার পর পরই প্রশ্ন ওঠেছিল, বাংলাদেশের বাজারে এর প্রভাব কতটুকু পড়বে। এ ব্যাপারে সম্প্রতি পরিকল্পনামন্ত্রী এম এ মান্নান বলেন,

ইউক্রেন-রাশিয়ার শস্য রফতানি চুক্তি বাতিল কিংবা ভারতের চাল রফতানি নিষেধাজ্ঞায় শঙ্কার কোনো কারণ নেই। দেশে খাদ্যশস্যের পর্যাপ্ত মজুত রয়েছে। তাছাড়া বৈশ্বিক সংকট আমলে নিচ্ছে সরকার।

খাদ্য মন্ত্রণালয়ের তথ্য অনুযায়ী, দেশে যে পরিমাণ খাদ্যশস্য মজুত আছে তা যথেষ্ট। এ ছাড়া ভারত থেকে চাল আমদানি করতে হলে ৬২ শতাংশ পর্যন্ত শুল্ক দিতে হয়। এই পরিমাণ শুল্ক দিয়ে কোনো দেশীয় ব্যবসায়ী চাল আমদানি করতে আগ্রহ দেখান না। যেহেতু দেশে ধানের ফলন ভালো হয়েছে এবং আশা করা যাচ্ছে সামনের দিনগুলোতে ফলন আরও ভালো হবে, তাই সংকট সৃষ্টি হওয়ার কারণ নেই বলে মনে করছেন সংশ্লিষ্টরা।

কৃষি সম্প্রসারণ অধিদফতরের তথ্য অনুযায়ী, দেশের বোরো মৌসুমে সবচেয়ে বেশি চাল উৎপাদন হয়ে থাকে। চলতি মৌসুমে এ উৎপাদনের লক্ষ্যমাত্রা ৮ শতাংশ বাড়িয়ে ২ কোটি ১৮ লাখ মেট্রিক টন নির্ধারণ করা হয়েছে। এ পরিমাণ চাল উৎপাদন করতে পারলে তা হবে বাংলাদেশের জন্য নতুন রেকর্ড।

যেখানে বিশ্ববাজারে কোনো পণ্যের দাম বাড়লে বা নিষেধাজ্ঞা জারি করলে রাতারাতি দেশের বাজারে প্রভাব পড়ে, সেখানে রাষ্ট্রীয় মালিকানাধীন ট্রেডিং করপোরেশন অব বাংলাদেশের (টিসিবি) বাজারমূল্যের তথ্য পর্যালোচনা করে দেখা যায়, বিগত এক মাসে বাজারে চালের দাম অপরিবর্তিত রয়েছে।

সরেজমিনে বাজার ঘুরে ব্যবসায়ী এবং ক্রেতাদের সঙ্গে কথা বলে জানা যায়, দেশের বাজারে চলমান নিষেধাজ্ঞার কোনো প্রভাব পড়েনি।

পুরান ঢাকা ও কেরানীগঞ্জের পাইকারি চাল ব্যবসায়ীরা জানান, স্থিতিশীল রয়েছে চালের বাজার। নতুন করে দাম বাড়েনি কোনো চালের। ভারতসহ অন্যান্য দেশ চাল রফতানি নিষিদ্ধ করলেও এর প্রভাব দেশের বাজারে আপাতত পড়বে না। বিগত এক মাস ধরে বাজারে ৫০ কেজির বস্তাপ্রতি মোটা স্বর্ণা ২ হাজার ২৫০ টাকা, চিকন স্বর্ণা ২ হাজার ৩৫০ টাকা, আটাশ ২ হাজার ৪৩০ থেকে ২ হাজার ৪৫০ টাকায় বিক্রি হচ্ছে।

তবে যেকোনো সময়ে অসাধু ব্যবসায়ীরা এটি পুঁজি করে বাজারে দাম বাড়াতে পারে উল্লেখ করে বাংলাদেশ ইনস্টিটিউট অব ইন্টারন্যাশনাল অ্যান্ড স্ট্র্যাটেজিক স্টাডিজের (বিআইআইএসএস) সিনিয়র রিসার্চ ফেলো ও অর্থনীতিবিদ ড. মাহফুজ কবীর বলেন,

চাল রফতানির নিষেধাজ্ঞাকে পুঁজি করে অসাধু ব্যবসায়ীরা বাজারে অস্থিরতা তৈরির সুযোগ খোঁজেন। এতে বাংলাদেশের চালের বাজারে অস্থিরতা দেখা দিতে পারে। তাই বাণিজ্য মন্ত্রণালয়সহ সরকারের অন্য সংস্থাগুলোকে সতর্ক থাকা উচিত, যাতে এই জায়গায় অহেতুক অস্থিরতা তৈরি না হয়। কারণ দেশের বাজারে যথেষ্ট চালের সরবরাহ রয়েছে, উৎপাদনও স্বাভাবিক। সুতরাং এ অবস্থায় অস্থিরতা সৃষ্টি না হওয়াই স্বাভাবিক।

Edited Copy:

চাল রফতানিতে নিষেধাজ্ঞার হিড়িক, কতটা প্রভাব পড়বে বাংলাদেশে?

ভারতের পর একে একে রাশিয়া ও সংযুক্ত আরব আমিরাতও চাল রফতানিতে নিষেধাজ্ঞা জারি করেছে। এতে বিশ্বের অনেক দেশেই সৃষ্টি হয়েছে অস্থিরতা। তবে বাংলাদেশে যদি সিন্ডিকেটের কারসাজি না হয় তাহলে বাজারে তেমন কোনো প্রভাব পড়বে না বলে মনে করছেন সংশ্লিষ্টরা।

বিশ্বের সবচেয়ে বড় চাল রফতানিকারী দেশ ভারত। দেশটিতে এবার বন্যা ৪৫ বছরের রেকর্ড ভেঙেছে। গত কয়েক সপ্তাহ ধরে ভারতের উত্তরাঞ্চলে ভারি বৃষ্টিপাতের কারণে পাঞ্জাব ও হরিয়ানাসহ কয়েকটি রাজ্যের নতুন রোপণ করা ফসল ক্ষতিগ্রস্ত হয়েছে। ফলে অনেক এলাকার কৃষককে পুনরায় ধান রোপণ করতে হয়েছে। এতে করে ক্ষতিগ্রস্ত হয়েছে কৃষি উৎপাদন। এছাড়া এল নিনোর প্রভাবে খরা ও অনাবৃষ্টির শঙ্কা রয়েছে। এ অবস্থায় উৎপাদন ঘাটতির আশঙ্কায় ও অভ্যন্তরীণ বাজারে দাম নিয়ন্ত্রণে ভারত সরকার বাসমতি নয়, এমন সাদা চাল রফতানি নিষিদ্ধ করেছে।

যদিও খাদ্য নিরাপত্তার চাহিদা মেটাতে বেশ কটি দেশে সরকারের দেয়া অনুমতির ভিত্তিতে এবং তাদের সরকারের অনুরোধের ভিত্তিতে রফতানির অনুমতি দেয়া হবে বলে জানিয়েছে ভারত সরকার। তবে এত কিছুর পরও ভারতের চাল রফতানিতে নিষেধাজ্ঞা এক রকমের চাপ সৃষ্টি করছে।

এদিকে ভারতের বাসমতি ছাড়া অন্যান্য সাদা চাল রফতানি নিষেধাজ্ঞা দেয়ার পর যুক্তরাষ্ট্রসহ যেসব দেশ ভারতের চালের ওপর নির্ভরশীল তাদের বাজারে সংকট তৈরি হয়েছে। দেশে দেশে চাল কেনা, মজুত ও দাম বাড়ানোর হিড়িক পড়েছে। বিশ্বের অনেক দেশে ভারত প্রধান চাল রফতানিকারক দেশ হওয়ায় বিশ্ববাজারে নাজুক অবস্থা তৈরি হচ্ছে।

যুক্তরাষ্ট্রে বসবাসকারী প্রধান খাদ্য হিসেবে চালনির্ভর প্রবাসীরা জানান, দোকানগুলোতে স্বাভাবিক চেয়ে তিনগুণ বেশি দামে চাল বিক্রি হচ্ছে। অনেক দোকানে চাল পাওয়াই যাচ্ছে না। পর্যাপ্ত চাল না পেয়ে ভোক্তারা সতর্কতামূলক ব্যবস্থা হিসেবে প্রিমিয়াম-গ্রেড বাসমতি চাল ক্রয় করে মজুত করছেন।

এরইমধ্যে চাল রফতানিতে নিষেধাজ্ঞা উঠিয়ে নিতে ভারতের প্রতি আহ্বান জানিয়েছে আন্তর্জাতিক মুদ্রা তহবিল (আইএমএফ)। সংস্থাটি বলছে, ভারতের এই সিদ্ধান্ত বিশ্ব খাদ্য মূল্যস্ফীতিতে প্রভাব ফেলবে।

এক সংবাদ সম্মেলনে আইএমএফের প্রধান অর্থনীতিবিদ পিয়েরে অলিভিয়ের বলেন,

বর্তমান পরিবেশে এ ধরনের নিষেধাজ্ঞা বিশ্বের বিভিন্ন দেশে খাদ্যের দামে অস্থিরতা বাড়িয়ে তুলতে পারে। ভারত যদি এখনই নিষেধাজ্ঞা তুলে না নেয়, তাহলে বিশ্ববাজারে বড় রকমের নেতিবাচক প্রভাব পড়বে।

২০২২-২৩ অর্থবছরে দেশটি ৪ দশমিক ২ মিলিয়ন ডলারের চাল (বাসমতি ছাড়া অন্য সব ধরনের সাদা চাল) রফতানি করেছে। আগের বছর এর পরিমাণ ছিল ২ দশমিক ৬২ মিলিয়ন ডলার। ভারতের চালের বড় ক্রেতা হচ্ছে মার্কিন যুক্তরাষ্ট্র, থাইল্যান্ড, ইতালি, স্পেন ও শ্রীলঙ্কা।

ভারত ছাড়াও চাল রফতানিতে নিষেধাজ্ঞা দিয়েছে রাশিয়া ও সংযুক্ত আরব আমিরাত (ইউএই)। ইউএই’র অর্থ মন্ত্রণালয়ের বরাত দিয়ে চীনা বার্তা সংস্থা সিনহুয়া বলছে, সংযুক্ত আরব আমিরাত চাল রফতানির ওপর চার মাসের নিষেধাজ্ঞা আরোপ করেছে। এ নিষেধাজ্ঞা বাদামি চাল, সম্পূর্ণ বা আংশিকভাবে মিশ্রিত চাল ও ভাঙা চালসহ সব ধানের জাতগুলোর ক্ষেত্রে প্রযোজ্য হবে।

এছাড়া চাল রফতানি করতে আগ্রহী হলে রফতানিকারক সংস্থাগুলোকে চাল রফতানির জন্য অর্থ মন্ত্রণালয় থেকে অনুমতির জন্য আবেদন করতে হবে। তবে নিষেধাজ্ঞা বাতিলের সিদ্ধান্ত না নেয়া পর্যন্ত, নিষেধাজ্ঞার মেয়াদ বাড়তে পারে।

এর বাইরে রাশিয়ার প্রেসিডেন্ট ভ্লাদিমির পুতিন সরকারের পক্ষ থেকে এক বিবৃতিতে বলা হয়, আভ্যন্তরীণ বাজার স্থিতিশীল রাখতে চাল রফতানি চলতি বছরের শেষ নাগাদ নিষিদ্ধ করা হয়েছে। ধান ও প্রক্রিয়াজাত চাল রফতানির ওপর নিষেধাজ্ঞা আরোপ করেছে সরকার। চলতি ২০২৩ সালের ৩১ ডিসেম্বর পর্যন্ত এই নিষেধাজ্ঞা বলবৎ থাকবে।

প্রতিবেদন মতে, উল্লিখিত সময়ের মধ্যে কয়েকটি দেশ বাদে বিশ্বের প্রায় সব দেশে চাল রফতানি বন্ধ থাকবে। সরকারের সিদ্ধান্ত অনুযায়ী, ইউরোশিয়ান ইকনোমিক ইউনিয়নভুক্ত দেশ আর্মেনিয়া, বেলারুশ, কাজাখস্তান ও কিরগিজস্তানের ক্ষেত্রে এই নিষেধাজ্ঞা প্রযোজ্য হবে না। কিন্তু মানবিক বা ত্রাণ সহায়তার জন্য বিদেশে চাল সরবরাহ করা যাবে বলে জানানো হয়েছে।

বাংলাদেশে কী সংকট সৃষ্টি হবে?

ভারতের চাল রফতানিতে নিষেধাজ্ঞার পর পরই প্রশ্ন ওঠেছিল, বাংলাদেশের বাজারে এর প্রভাব কতটুকু পড়বে। এ ব্যাপারে সম্প্রতি পরিকল্পনামন্ত্রী এম এ মান্নান বলেন,

ইউক্রেন-রাশিয়ার শস্য রফতানি চুক্তি বাতিল কিংবা ভারতের চাল রফতানি নিষেধাজ্ঞায় শঙ্কার কোনো কারণ নেই। দেশে খাদ্যশস্যের পর্যাপ্ত মজুত রয়েছে। তাছাড়া বৈশ্বিক সংকট আমলে নিচ্ছে সরকার।

খাদ্য মন্ত্রণালয়ের তথ্য অনুযায়ী, দেশে যে পরিমাণ খাদ্যশস্য মজুত আছে তা যথেষ্ট। এ ছাড়া ভারত থেকে চাল আমদানি করতে হলে ৬২ শতাংশ পর্যন্ত শুল্ক দিতে হয়। এই পরিমাণ শুল্ক দিয়ে কোনো দেশীয় ব্যবসায়ী চাল আমদানি করতে আগ্রহ দেখান না। যেহেতু দেশে ধানের ফলন ভালো হয়েছে এবং আশা করা যাচ্ছে সামনের দিনগুলোতে ফলন আরও ভালো হবে, তাই সংকট সৃষ্টি হওয়ার কারণ নেই বলে মনে করছেন সংশ্লিষ্টরা।

কৃষি সম্প্রসারণ অধিদফতরের তথ্য অনুযায়ী, দেশের বোরো মৌসুমে সবচেয়ে বেশি চাল উৎপাদন হয়ে থাকে। চলতি মৌসুমে এ উৎপাদনের লক্ষ্যমাত্রা ৮ শতাংশ বাড়িয়ে ২ কোটি ১৮ লাখ মেট্রিক টন নির্ধারণ করা হয়েছে। এ পরিমাণ চাল উৎপাদন করতে পারলে তা হবে বাংলাদেশের জন্য নতুন রেকর্ড।

যেখানে বিশ্ববাজারে কোনো পণ্যের দাম বাড়লে বা নিষেধাজ্ঞা জারি করলে রাতারাতি দেশের বাজারে প্রভাব পড়ে, সেখানে রাষ্ট্রীয় মালিকানাধীন ট্রেডিং করপোরেশন অব বাংলাদেশের (টিসিবি) বাজারমূল্যের তথ্য পর্যালোচনা করে দেখা যায়, বিগত এক মাসে বাজারে চালের দাম অপরিবর্তিত রয়েছে।

সরেজমিনে বাজার ঘুরে ব্যবসায়ী এবং ক্রেতাদের সঙ্গে কথা বলে জানা যায়, দেশের বাজারে চলমান নিষেধাজ্ঞার কোনো প্রভাব পড়েনি।

পুরান ঢাকা ও কেরানীগঞ্জের পাইকারি চাল ব্যবসায়ীরা জানান, স্থিতিশীল রয়েছে চালের বাজার। নতুন করে দাম বাড়েনি কোনো চালের। ভারতসহ অন্যান্য দেশ চাল রফতানি নিষিদ্ধ করলেও এর প্রভাব দেশের বাজারে আপাতত পড়বে না। বিগত এক মাস ধরে বাজারে ৫০ কেজির বস্তাপ্রতি মোটা স্বর্ণা ২ হাজার ২৫০ টাকা, চিকন স্বর্ণা ২ হাজার ৩৫০ টাকা, আটাশ ২ হাজার ৪৩০ থেকে ২ হাজার ৪৫০ টাকায় বিক্রি হচ্ছে।

তবে যেকোনো সময়ে অসাধু ব্যবসায়ীরা এটি পুঁজি করে বাজারে দাম বাড়াতে পারে উল্লেখ করে বাংলাদেশ ইনস্টিটিউট অব ইন্টারন্যাশনাল অ্যান্ড স্ট্র্যাটেজিক স্টাডিজের (বিআইআইএসএস) সিনিয়র রিসার্চ ফেলো ও অর্থনীতিবিদ ড. মাহফুজ কবীর বলেন,

চাল রফতানির নিষেধাজ্ঞাকে পুঁজি করে অসাধু ব্যবসায়ীরা বাজারে অস্থিরতা তৈরির সুযোগ খোঁজেন। এতে বাংলাদেশের চালের বাজারে অস্থিরতা দেখা দিতে পারে। তাই বাণিজ্য মন্ত্রণালয়সহ সরকারের অন্য সংস্থাগুলোকে সতর্ক থাকা উচিত, যাতে এই জায়গায় অহেতুক অস্থিরতা তৈরি না হয়। কারণ দেশের বাজারে যথেষ্ট চালের সরবরাহ রয়েছে, উৎপাদনও স্বাভাবিক। সুতরাং এ অবস্থায় অস্থিরতা সৃষ্টি না হওয়াই স্বাভাবিক।

Published Copy:

News Link: https://www.somoynews.tv/news/2023-08-01/W0N3HZQ9

সময়

নিউজ খুঁজুন

সর্বশেষ সময় | ফুটবল | ক্রিকেট | ডেঙ্গু | ভিডিও সময়

বাংলাদেশ | রাজনীতি | আন্তর্জাতিক | খেলা | বিনোদন

সময় স্পেশাল

১৯ টা ৫৬ মিনিট, ১ আগস্ট ২০২৩

চাল রফতানিতে নিষেধাজ্ঞার হিড়িক, কতটা প্রভাব পড়বে বাংলাদেশে?

ভারতের পর একে একে রাশিয়া ও সংযুক্ত আরব আমিরাতও চাল রফতানিতে নিষেধাজ্ঞা জারি করেছে। এতে বিশ্বের অনেক দেশেই সৃষ্টি হয়েছে অস্থিরতা। তবে বাংলাদেশে যদি সিন্ডিকেটের কারসাজি না হয় তাহলে বাজারে তেমন কোনো প্রভাব পড়বে না বলে মনে করছেন সংশ্লিষ্টরা।

বিশ্বজিৎ দাস বিজয়

৫ মিনিটে পড়ুন

Effects of Rice Export Ban: What Will Be the Impact on Bangladesh? Picture 7.1

নিউজ খুঁজুন

সর্বশেষ সময় | ফুটবল | ক্রিকেট | ডেঙ্গু | ভিডিও সময়

বাংলাদেশ | রাজনীতি | আন্তর্জাতিক | খেলা | বিনোদন

বিশ্বের সবচেয়ে বড় চাল রফতানিকারী দেশ ভারত। দেশটিতে এবার বন্যা ৪৫ বছরের রেকর্ড ভেঙেছে। গত কয়েক সপ্তাহ ধরে ভারতের উত্তরাঞ্চলে ভারি বৃষ্টিপাতের কারণে পাঞ্জাব ও হরিয়ানাসহ কয়েকটি রাজ্যের নতুন রোপণ করা ফসল ক্ষতিগ্রস্ত হয়েছে। ফলে অনেক এলাকার কৃষককে পুনরায় ধান রোপণ করতে হয়েছে। এতে করে ক্ষতিগ্রস্ত হয়েছে কৃষি উৎপাদন। এছাড়া এল নিনোর প্রভাবে খরা ও অনাবৃষ্টির শঙ্কা রয়েছে। এ অবস্থায় উৎপাদন ঘাটতির আশঙ্কায় ও অভ্যন্তরীণ বাজারে দাম নিয়ন্ত্রণে ভারত সরকার বাসমতি নয়, এমন সাদা চাল রফতানি নিষিদ্ধ করেছে।

যদিও খাদ্য নিরাপত্তার চাহিদা মেটাতে বেশ কটি দেশে সরকারের দেয়া অনুমতির ভিত্তিতে এবং তাদের সরকারের অনুরোধের ভিত্তিতে রফতানির অনুমতি দেয়া হবে বলে জানিয়েছে ভারত সরকার। তবে এত কিছুর পরও ভারতের চাল রফতানিতে নিষেধাজ্ঞা এক রকমের চাপ সৃষ্টি করছে।

আরও পড়ুন: বাসমতি চাল রফতানিতেও নিষেধাজ্ঞার শঙ্কা

এদিকে ভারতের বাসমতি ছাড়া অন্যান্য সাদা চাল রফতানি নিষেধাজ্ঞা দেয়ার পর যুক্তরাষ্ট্রসহ যেসব দেশ ভারতের চালের ওপর নির্ভরশীল তাদের বাজারে সংকট তৈরি হয়েছে। দেশে দেশে চাল কেনা, মজুত ও দাম বাড়ানোর হিড়িক পড়েছে। বিশ্বের অনেক দেশে ভারত প্রধান চাল রফতানিকারক দেশ হওয়ায় বিশ্ববাজারে নাজুক অবস্থা তৈরি হচ্ছে।

যুক্তরাষ্ট্রে বসবাসকারী প্রধান খাদ্য হিসেবে চালনির্ভর প্রবাসীরা জানান, দোকানগুলোতে স্বাভাবিক চেয়ে তিনগুণ বেশি দামে চাল বিক্রি হচ্ছে। অনেক দোকানে চাল পাওয়াই যাচ্ছে না। পর্যাপ্ত চাল না পেয়ে ভোক্তারা সতর্কতামূলক ব্যবস্থা হিসেবে প্রিমিয়াম-গ্রেড বাসমতি চাল ক্রয় করে মজুত করছেন।

এরইমধ্যে চাল রফতানিতে নিষেধাজ্ঞা উঠিয়ে নিতে ভারতের প্রতি আহ্বান জানিয়েছে আন্তর্জাতিক মুদ্রা তহবিল (আইএমএফ)। সংস্থাটি বলছে, ভারতের এই সিদ্ধান্ত বিশ্ব খাদ্য মূল্যস্ফীতিতে প্রভাব ফেলবে।

Effects of Rice Export Ban: What Will Be the Impact on Bangladesh? Picture 7.2

নিউজ খুঁজুন

সর্বশেষ সময় | ফুটবল | ক্রিকেট | ডেঙ্গু | ভিডিও সময়

বাংলাদেশ | রাজনীতি | আন্তর্জাতিক | খেলা | বিনোদন

এক সংবাদ সম্মেলনে আইএমএফের প্রধান অর্থনীতিবিদ পিয়েরে অলিভিয়ের বলেন,

> “বর্তমান পরিবেশে এ ধরনের নিষেধাজ্ঞা বিশ্বের বিভিন্ন দেশে খাদ্যের দামে অস্থিরতা বাড়িয়ে তুলতে পারে। ভারত যদি এখনই নিষেধাজ্ঞা তুলে না নেয়, তাহলে বিশ্ববাজারে বড় রকমের নেতিবাচক প্রভাব পড়বে।”

২০২২-২৩ অর্থবছরে দেশটি ৪ দশমিক ২ মিলিয়ন ডলারের চাল (বাসমতি ছাড়া অন্য সব ধরনের সাদা চাল) রফতানি করেছে। আগের বছর এর পরিমাণ ছিল ২ দশমিক ৬২ মিলিয়ন ডলার। ভারতের চালের বড় ক্রেতা হচ্ছে মার্কিন যুক্তরাষ্ট্র, থাইল্যান্ড, ইতালি, স্পেন ও শ্রীলঙ্কা।

ভারত ছাড়াও চাল রফতানিতে নিষেধাজ্ঞা দিয়েছে রাশিয়া ও সংযুক্ত আরব আমিরাত (ইউএই)। ইউএই'র অর্থ মন্ত্রণালয়ের বরাত দিয়ে চীনা বার্তা সংস্থা সিনহুয়া বলছে, সংযুক্ত আরব আমিরাত চাল রফতানির ওপর চার মাসের নিষেধাজ্ঞা আরোপ করেছে। এ নিষেধাজ্ঞা বাদামি চাল, সম্পূর্ণ বা আংশিকভাবে মিশ্রিত চাল ও ভাঙা চালসহ সব ধানের জাতগুলোর ক্ষেত্রে প্রযোজ্য হবে।

এছাড়া চাল রফতানি করতে আগ্রহী হলে রফতানিকারক সংস্থাগুলোকে চাল রফতানির জন্য অর্থ মন্ত্রণালয় থেকে অনুমতির জন্য আবেদন করতে হবে। তবে নিষেধাজ্ঞা বাতিলের সিদ্ধান্ত না নেয়া পর্যন্ত, নিষেধাজ্ঞার মেয়াদ বাড়তে পারে।

আরও পড়ুন: এবার চাল রফতানিতে নিষেধাজ্ঞা রাশিয়ার

এর বাইরে রাশিয়ার প্রেসিডেন্ট ভ্লাদিমির পুতিন সরকারের পক্ষ থেকে এক বিবৃতিতে বলা হয়, আভ্যন্তরীণ বাজার স্থিতিশীল রাখতে চাল রফতানি চলতি বছরের শেষ নাগাদ নিষিদ্ধ করা হয়েছে। ধান ও প্রক্রিয়াজাত চাল রফতানির ওপর নিষেধাজ্ঞা আরোপ করেছে সরকার। চলতি ২০২৩ সালের ৩১ ডিসেম্বর পর্যন্ত এই নিষেধাজ্ঞা বলবৎ থাকবে।

প্রতিবেদন মতে, উল্লিখিত সময়ের মধ্যে কয়েকটি দেশ বাদে বিশ্বের প্রায় সব দেশে চাল রফতানি বন্ধ থাকবে। সরকারের সিদ্ধান্ত অনুযায়ী, ইউরোশিয়ান ইকনোমিক ইউনিয়নভুক্ত দেশ আর্মেনিয়া, বেলারুশ, কাজাখস্তান ও কিরগিজস্তানের ক্ষেত্রে এই নিষেধাজ্ঞা প্রযোজ্য হবে না। কিন্তু মানবিক বা ত্রাণ সহায়তার জন্য বিদেশে চাল সরবরাহ করা যাবে বলে জানানো হয়েছে।

Effects of Rice Export Ban: What Will Be the Impact on Bangladesh? Picture 7.3

সময়
নিউজ খুঁজুন
সর্বশেষ সময় | ফুটবল | ক্রিকেট | ডেঙ্গু | ভিডিও সময়
বাংলাদেশ | রাজনীতি | আন্তর্জাতিক | খেলা | বিনোদন

বাংলাদেশে কী সংকট সৃষ্টি হবে?

ভারতের চাল রফতানিতে নিষেধাজ্ঞার পর পরই প্রশ্ন ওঠেছিল, বাংলাদেশের বাজারে এর প্রভাব কতটুকু পড়বে। এ ব্যাপারে সম্প্রতি পরিকল্পনামন্ত্রী এম এ মান্নান বলেন,

> “ইউক্রেন-রাশিয়ার শস্য রফতানি চুক্তি বাতিল কিংবা ভারতের চাল রফতানি নিষেধাজ্ঞায় শঙ্কার কোনো কারণ নেই। দেশে খাদ্যশস্যের পর্যাপ্ত মজুত রয়েছে। তাছাড়া বৈশ্বিক সংকট আমলে নিচ্ছে সরকার।”

খাদ্য মন্ত্রণালয়ের তথ্য অনুযায়ী, দেশে যে পরিমাণ খাদ্যশস্য মজুত আছে তা যথেষ্ট। এ ছাড়া ভারত থেকে চাল আমদানি করতে হলে ৬২ শতাংশ পর্যন্ত শুল্ক দিতে হয়। এই পরিমাণ শুল্ক দিয়ে কোনো দেশীয় ব্যবসায়ী চাল আমদানি করতে আগ্রহ দেখান না। যেহেতু দেশে ধানের ফলন ভালো হয়েছে এবং আশা করা যাচ্ছে সামনের দিনগুলোতে ফলন আরও ভালো হবে, তাই সংকট সৃষ্টি হওয়ার কারণ নেই বলে মনে করছেন সংশ্লিষ্টরা।

Effects of Rice Export Ban: What Will Be the Impact on Bangladesh? Picture 7. 4

নিউজ খুঁজুন

সর্বশেষ সময় | ফুটবল | ক্রিকেট | ডেঙ্গু | ভিডিও সময়

বাংলাদেশ | রাজনীতি | আন্তর্জাতিক | খেলা | বিনোদন

কৃষি সম্প্রসারণ অধিদফতরের তথ্য অনুযায়ী, দেশের বোরো মৌসুমে সবচেয়ে বেশি চাল উৎপাদন হয়ে থাকে। চলতি মৌসুমে এ উৎপাদনের লক্ষ্যমাত্রা ৮ শতাংশ বাড়িয়ে ২ কোটি ১৮ লাখ মেট্রিক টন নির্ধারণ করা হয়েছে। এ পরিমাণ চাল উৎপাদন করতে পারলে তা হবে বাংলাদেশের জন্য নতুন রেকর্ড।

যেখানে বিশ্ববাজারে কোনো পণ্যের দাম বাড়লে বা নিষেধাজ্ঞা জারি করলে রাতারাতি দেশের বাজারে প্রভাব পড়ে, সেখানে রাষ্ট্রীয় মালিকানাধীন ট্রেডিং করপোরেশন অব বাংলাদেশের (টিসিবি) বাজারমূল্যের তথ্য পর্যালোচনা করে দেখা যায়, বিগত এক মাসে বাজারে চালের দাম অপরিবর্তিত রয়েছে।

আরও পড়ুন: চাল রফতানিতে ভারতের নিষেধাজ্ঞা, যা বলছেন দেশের ব্যবসায়ীরা

সরেজমিনে বাজার ঘুরে ব্যবসায়ী এবং ক্রেতাদের সঙ্গে কথা বলে জানা যায়, দেশের বাজারে চলমান নিষেধাজ্ঞার কোনো প্রভাব পড়েনি।

পুরান ঢাকা ও কেরানীগঞ্জের পাইকারি চাল ব্যবসায়ীরা জানান, স্থিতিশীল রয়েছে চালের বাজার। নতুন করে দাম বাড়েনি কোনো চালের। ভারতসহ অন্যান্য দেশ চাল রফতানি নিষিদ্ধ করলেও এর প্রভাব দেশের বাজারে আপাতত পড়বে না। বিগত এক মাস ধরে বাজারে ৫০ কেজির বস্তাপ্রতি মোটা স্বর্ণা ২ হাজার ২৫০ টাকা, চিকন স্বর্ণা ২ হাজার ৩৫০ টাকা, আটাশ ২ হাজার ৪৩০ থেকে ২ হাজার ৪৫০ টাকায় বিক্রি হচ্ছে।

তবে যেকোনো সময়ে অসাধু ব্যবসায়ীরা এটি পুঁজি করে বাজারে দাম বাড়াতে পারে উল্লেখ করে বাংলাদেশ ইনস্টিটিউট অব ইন্টারন্যাশনাল অ্যান্ড স্ট্র্যাটেজিক স্টাডিজের (বিআইআইএসএস) সিনিয়র রিসার্চ ফেলো ও অর্থনীতিবিদ ড. মাহফুজ কবীর বলেন,

> “ চাল রফতানির নিষেধাজ্ঞাকে পুঁজি করে অসাধু ব্যবসায়ীরা বাজারে অস্থিরতা তৈরির সুযোগ খোঁজেন। এতে বাংলাদেশের চালের বাজারে অস্থিরতা দেখা দিতে পারে। তাই বাণিজ্য মন্ত্রণালয়সহ সরকারের অন্য সংস্থাগুলোকে সতর্ক থাকা উচিত, যাতে এই জায়গায় অহেতুক অস্থিরতা তৈরি না হয়। কারণ দেশের বাজারে যথেষ্ট চালের সরবরাহ রয়েছে, উৎপাদনও স্বাভাবিক। সুতরাং এ অবস্থায় অস্থিরতা সৃষ্টি না হওয়াই স্বাভাবিক। ”

বাংলাদেশ | নিষেধাজ্ঞা | সংযুক্ত আরব আমিরাত | রাশিয়া | ভারতের চাল রফতানি | চাল রফতানি

Effects of Rice Export Ban: What Will Be the Impact on Bangladesh? Picture 7.5

My Mistakes:

Before Editing	After Editing
শিরোনাম: দেশে দেশে চাল রফতানিতে নিষেধাজ্ঞার হিড়িক, প্রভাব পড়বে বাংলাদেশে?	**শিরোনাম:** চাল রফতানিতে নিষেধাজ্ঞার হিড়িক, কতটা প্রভাব পড়বে বাংলাদেশে?
ভারতের পর একে একে রাশিয়া ও সংযুক্ত আরব আমিরাতও চাল রফতানিতে নিষেধাজ্ঞা জারি করেছে। এতে বিশ্বের অনেক দেশেই সৃষ্টি হয়েছে অস্থিরতা। তবে বাংলাদেশে যদি সিন্ডিকেটের কারসাজি না হলে বাজারে তেমন কোনো প্রভাব পড়বে না বলে মনে করছেন ব্যবসায়ীরা।	ভারতের পর একে একে রাশিয়া ও সংযুক্ত আরব আমিরাতও চাল রফতানিতে নিষেধাজ্ঞা জারি করেছে। এতে বিশ্বের অনেক দেশেই সৃষ্টি হয়েছে অস্থিরতা। তবে বাংলাদেশে যদি সিন্ডিকেটের কারসাজি না হয় তাহলে বাজারে তেমন কোনো প্রভাব পড়বে না বলে মনে করছেন সংশ্লিষ্টরা।

My Learnings:

- Need to write short and simple sentences.
- Use catchy headlines
- Use interesting intros

Project -8

Project Type: kitchen market

Project Title: নিত্যপণ্যের বাজারে আগুন, পকেট ফাঁকা ভোক্তাদের! (Fire Breaks Out in Daily Essentials Market, Consumers Left Empty-handed)

Project Description:

Prices fluctuate daily in the kitchen market. This report is prepared every Friday of the week with the market prices of the kitchen market.

My Responsibility:

My Editor directed me to cover the news. I covered the news by going to the kitchen market. Since I am working as a sub-editor, I come to my desk write the news, and publish it on the website panel. Then the news editor makes the necessary corrections to the news and publishes it on the website.

Raw Copy:

নিত্যপণ্যের বাজারে আগুন, পকেট কাটছে ভোক্তাদের!

সপ্তাহ ব্যবধানে আবারও ঊর্ধ্বমুখী নিত্যপণ্যের বাজার। দাম বেড়ে গেছে প্রায় প্রতিটি পণ্যের। এতে ভোক্তারা একরকম দিশেহারা! নিয়মিত বাজার তদারকির অভাবে ব্যবসায়ীদের কাছে যেন জিম্মি হয়ে পড়েছেন তারা।

শুক্রবার (৪ আগস্ট) কেরানীগঞ্জ ও রাজধানীর বেশ কয়েকটি কাঁচাবাজার ঘুরে দেখা যায়, আবারও যেন লাগামহীন নিত্যপণ্যের বাজার। ঊর্ধ্বমুখী শাক-সবজি, মাছ ও মাংসসহ প্রায় প্রতিটি নিত্যপণ্যের দাম। এতে সাপ্তাহিক ছুটির দিনে বাজারে এসে বিপাকে পড়ছেন ক্রেতারা।

তাদের বক্তব্য, বিক্রেতারা সিন্ডিকেট করে অধিক মুনাফার আশায় নিত্যপণ্যের দাম বাড়াচ্ছেন। বাজারে নিয়মিত মনিটরিংয়ের অভাবই এর মূল কারণ।

কেরানীগঞ্জের আগানগর বাজারের এক ক্রেতা আকিমুল হোসেন বলেন, নিত্যপণ্যের বাজারে আগুন লেগে গেছে যেন। সবকিছুরই দাম বাড়তি। তারপরও দাম নিয়ন্ত্রণে কার্যকর কোন ব্যবস্থা নেয়া হচ্ছে না। এতে বাড়তি খরচ গুনতে ফাঁকা হচ্ছে ভোক্তাদের পকেট।

কেরানীগঞ্জের কালীগঞ্জ, জিনজিরা ও আগানগর এবং রাজধানীর কারওয়ান বাজার ও হাতিরপুল কাঁচাবাজার ঘুরে দেখা যায়, সপ্তাহ ব্যবধানে দাম বেড়ে গেছে সব শাক-সবজির। বাজারে সরবরাহ ঘাটতিই এর কারণ বলছেন বিক্রেতারা।

প্রতি কেজি বেগুন ৭০ টাকা, পটোল ৪০ টাকা, করলা ৭০ থেকে ৮০ টাকা, দেশি টমেটো ২৬০ টাকা, ভারতীয় টমেটো ৪০০ টাকা আর ঢ্যাঁড়শ বিক্রি হচ্ছে ৪০ টাকায়।

এছাড়া প্রতি কেজি পুঁইশাক ৩০ টাকা, বাঁধাকপি ৭০ টাকা, ফুলকপি ৫০ থেকে ৬০ টাকা, পেঁপে ৪০ টাকা, মুলা ৩০ টাকা, কাঁকরল ৬৫ টাকা, আলু ৪০ টাকা, বরবটি ৮০ টাকা ও শসা ৪০ টাকা এবং লতি বিক্রি হচ্ছে ৮০ টাকায়। আর প্রতি পিস (বড়) লাউ বিক্রি হচ্ছে ৬০ টাকায়।

কেরানীগঞ্জের কালীগঞ্জ বাজারের সবজি বিক্রেতা লোকমান বলেন, সকালের বৃষ্টির কারণে পর্যাপ্ত সবজি বাজারে আসতে পারেনি। পাশাপাশি কয়েকদিন ধরে কিছুটা সরবরাহ ঘাটতি চলছে। এতে দাম বেড়েছে।

আরেক বিক্রেতা নূর ইসলাম বলেন, শুক্রবার সাপ্তাহিক ছুটির দিন হওয়ায় বাজরে পণ্যের চাহিদা বাড়ে। পাশাপাশি বাজারে সরবরাহ কম থাকায় সবকিছুর দাম বাড়তি।

কয়েক মাস ধরে ওঠানামা করা মরিচের বাজার কিছুটা স্থিতিশীল রয়েছে। প্রতি কেজি কাঁচামরিচ বিক্রি হচ্ছে ২০০ টাকায়। বিক্রেতারা জানান, সরবরাহ ঠিক থাকায় নতুন করে আর এর দাম বাড়েনি।

তবে সপ্তাহ ব্যবধানে বেড়েছে আদা, রসুন ও পেঁয়াজের দাম। প্রতি কেজি পেঁয়াজের দাম বেড়েছে ৫ থেকে ১০ টাকা পর্যন্ত। প্রতিকেজি দেশি পেঁয়াজ ৭০ টাকা, আর ভারতীয় পেঁয়াজ বিক্রি হচ্ছে ৪৫ টাকায়।

আর প্রতি কেজি দেশি রসুন ২২০ টাকা ও ভারতীয় রসুন বিক্রি হচ্ছে ২৪০ টাকায়। মানভেদে প্রতি কেজি আদা বিক্রি হচ্ছে ১৯০ থেকে ২৮০ টাকায়।

এদিকে, অস্থির হয়ে ওঠেছে মাংসের বাজার। প্রতি কেজিতে ব্রয়লার মুরগির দাম বেড়েছে ২০ থেকে ৪০ টাকা পর্যন্ত। বিক্রি হচ্ছে ১৯০ থেকে ২১০ টাকা কেজিতে। এছাড়া প্রতিকেজি সোনালি মুরগি ২৯০ টাকা ও লাল লেয়ার বিক্রি হচ্ছে ৩৫০ টাকায়।

বিক্রেতারা বলছেন, বাজারে হঠাৎ করে কমে গেছে মুরগির সরবরাহ; এতে বাড়তে শুরু করেছে দাম। কেরানীগঞ্জের আগানগর বাজারের বিক্রেতা হাসান বলেন, পাইকারি পর্যায়ে মুরগি কিনতে হচ্ছে ১৬০ টাকার ওপরে। এর সঙ্গে পরিবহন খরচ রয়েছে। তাই বাধ্য হয়েই ২০০ টাকায় ব্রয়লার মুরগি বিক্রি করতে হচ্ছে।

আর ক্রেতাদের দাবি, মুরগির বাজারে আবারও সিন্ডিকেট কাজ করছে। অরূপ নামে এক ক্রেতা জানান, সপ্তাহ ব্যবধানে মুরগির দাম বেড়েছে প্রতি কেজিতে ৪০ টাকা।

কয়েক মাস ধরে স্থিতিশীল থাকা গরু ও খাসির মাংসের দামও ঊর্ধ্বমুখী। বাজারে প্রতি কেজি গরুর মাংস বিক্রি হচ্ছে ৮০০ টাকা পর্যন্ত। আর প্রতি কেজি খাসির মাংস বিক্রি হচ্ছে ১ হাজার থেকে ১ হাজার ৫০ টাকায়।

বেড়ে গেছে ডিমের দামও। বাজারে প্রতি ডজন লাল ডিম ১৪৪ টাকা ও সাদা ডিম বিক্রি হচ্ছে ১৩৫ টাকায়। এছাড়া প্রতি ডজন হাঁসের ডিম বিক্রি হচ্ছে ২১০ টাকায়।

স্বস্তির খবর নেই মাছের বাজারেও। ঊর্ধ্বমুখী সব ধরনের মাছের দাম। নিম্ন আয়ের মানুষের ভরসা চাষের পাঙাশের দামও এখন আকাশছোঁয়া; এ মাছ প্রতি কেজি বিক্রি হচ্ছে ২২০ টাকা পর্যন্ত।

রিক্সাচালক শাকিল বলেন, আগে এক কেজি চাষের পাঙাশের দাম ছিল ১৫০ টাকা। সেটি বাড়তে বাড়তে এখন হয়েছে ২২০ টাকা। এভাবে দাম বাড়লে আর মাছ খাওয়া যাবে না।

বাজারে আকারভেদে প্রতি কেজি ইলিশ বিক্রি হচ্ছে ৬০০ থেকে ১ হাজার ৭০০ টাকা পর্যন্ত। বিক্রেতারা বলেন, বাজারে ইলিশের সরবরাহ কমেছে; তাই দামও বাড়ছে।

প্রতি কেজি টেংরা মাছ বিক্রি হচ্ছে ৮০০ থেকে ৯০০ টাকায়। এছাড়া প্রতিকেজি দেশি মাগুর ১ হাজার ৪০০ টাকা, দেশি শিং ১ হাজার ৬০০ টাকা ও শোল ১ হাজার টাকা, পুঁটি ২২০ টাকা, বোয়াল ৭০০ থেকে ৮০০ টাকা, আইড় ৭৫০ টাকা ও নদীর পাঙাশ ১ হাজার থেকে ১ হাজার ২০০ টাকায় বিক্রি হচ্ছে।

আর প্রতি কেজি রুই ৩৭০ থেকে ৪০০ টাকা, কাতল ৩৮০ থেকে ৪৩০ টাকা, রূপচাঁদা ৭০০ থেকে ৮০০ টাকা, পাবদা ৭৫০ থেকে ৮০০ টাকা, চিংড়ি ৯০০ থেকে ১ হাজার ৫০০ টাকা ও তেলাপিয়া বিক্রি হচ্ছে ২৩০ থেকে ২৫০ টাকায়।

বাজারের এ নিয়ন্ত্রণহীন অস্থিরতার জন্য কারসাজি আর সরকারের উদাসীনতাকে দায়ী করছেন খুচরা বিক্রেতারা। আর এ বাজারে অস্থিরতার চাপ থেকে মুক্তি চান ভোক্তারা।

তবে বৃহস্পতিবার (৩ আগস্ট) ঢাকা বিশ্ববিদ্যালয়ের মার্কেটিং বিভাগে ভোক্তা অধিকার সংরক্ষণ আইন পড়ানোর কোর্স চালুর বিষয়ে একটি সমঝোতা স্মারক সই হয়েছে। এ অনুষ্ঠানে জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদফতরের মহাপরিচালক এ এইচ এম সফিকুজ্জামান জানান, বর্তমানে বাজার চলছে অদৃশ্য হাতের ইশারায়। চাহিদা ও জোগানের ক্ষেত্রে কোনো সূত্রই কাজ করছে না। বাজারে অদৃশ্য অনেক হাত রয়েছে, তারা দেশের ১৭ কোটি ভোক্তাকে জিম্মি করে রেখেছে।

অনুষ্ঠানে মার্কেটিং বিশেষজ্ঞদের দাবি, নিত্যপ্রয়োজনীয় পণ্যের বাজার বড় বড় ৪/৫টি কোম্পানির নিয়ন্ত্রণে থাকারই মাশুল গুনছেন ভোক্তারা।

এ বিষয়ে ঢাকা বিশ্ববিদ্যালয়ের মার্কেটিং বিভাগের অধ্যাপক ড. মীজানুর রহমান বলেন, সয়াবিন তেল, চিনি, মসুর ডাল ও আটার মতো জিনিস বাজারের ৪/৫টি কোম্পানি নিয়ন্ত্রণ করে। কাজেই

দেখা যাচ্ছে, কতটা শক্তিশালী সিন্ডিকেট গড়ে ওঠেছে! তারা এক দিনের মধ্যে দাম বাড়াচ্ছে, আবার সাত দিন পর দাম কমাচ্ছে।

এ সময় ভোক্তা অধিকারের মহাপরিচালক জানালেন কেন ধরাছোঁয়ার বাইরে থেকে যাচ্ছে বাজার নিয়ন্ত্রণ করা বড় বড় কোম্পানি।

